ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে




আলিয়া জায়গা ছাড়তে নারাজ, এবার আসছেন গোয়েন্দা হয়ে

পৃঃ ৫




মেসি-এমবাপ্পে জুটি কেন চ্যাম্পিয়ন্স লিগে ব্যর্থ, ব্যাখ্যা নেইমারের

পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Gov of India Reg No : WB18D0018520 (UAN) ● Website : https://epaper.newssaradin.live/ বর্ষ ঃ ২ সংখ্যা ঃ ২০৬ ● কলকাতা ● ১০ শ্রাবণ, ১৪৩০ ● বৃহস্পতিবার ● ২৭ জুলাই, ২০২৩ পৃষ্ঠা - ৬ ২ টাকা

## বিধানসভায় পঞ্চায়েত ভোট নিয়ে

# আলোচনায় রাজি রাজ্য সরকার: শোভনদেব



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন** : পঞ্চায়েত ভোট নিয়ে আলোচনায় রাজি রাজ্য সরকার। বুধবার বিধানসভায় কার্য উপদেষ্টা কমিটির বৈঠক শেষে জানিয়ে দিলেন পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়। বিজেপি পরিষদীয় দলের তরফে রাজ্যের আইনশৃঙ্খলার অবনতি প্রসঙ্গে প্রস্তাব এনে আলোচনা করার দাবি জানানো হয়েছে। যদিও পরিষদীয় মন্ত্রী বলেন, 'পঞ্চায়েত ভোটে হিংসা নিয়ে ওরা আলোচনা চেয়েছে।প্রসঙ্গত, বুধবার অধিবেশনের শুরুতেই নারী নির্যাতন ইস্যু নিয়ে প্রস্তাব এনেছিলেন আসানসোল দক্ষিণের বিধায়ক অগ্নিমিত্রা পাল। কিন্তু প্রস্তাবটি আনার পরেই খারিজ হয়ে গিয়েছে। এ প্রসঙ্গে পরে বিধানসভার স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায় বলেন, 'স্পিকারের টেবিল পোস্ট অফিস নয়। যখন যে খুশি চাইবে চিঠি দিয়ে যাবে তাই নিয়ে আলোচনা হবে, এটা হতে পারে না। আলোচনার একটা নির্দিষ্ট নিয়ম আছে। নির্দিষ্ট নিয়ম মেনে যদি ওরা আলোচনা চায়, তা হলে পদ্ধতি মেনে সেটা জমা করুক অবশ্যই তখন বিবেচনা করে দেখব।'আমরাও চাই এই

এরপর ৩ পাতায়

## কলকাতা হাইকোর্টে পিছোল অভিষেক নামে

# এফআইআর মামলার শুনানি



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন** : বেঞ্চ নিয়ে শোরগোল। ইডি-র আপত্তি। বিচারপতির সরে দাঁড়ানো। বিতর্কের মঙ্গলের পরে বুধে উষা। নিয়োগ দুর্নীতি সংক্রান্ত মামলায় আপাতত স্বস্তি পেলেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। এদিন আদালতে ইডি জানাল, আগামী সোমবার পর্যন্ত কোনও কড়া পদক্ষেপ করা হবে না অভিষেকের বিরুদ্ধে।পরে অভিষেকের বিরুদ্ধে এফআইআর করার নির্দেশ দেন কলকাতা হাইকোর্টের বিচারপতি অমৃতা সিনহা। সেই এফআইআর খারিজ করার আর্জি জানিয়ে বিচারপতি ঘোষের বেঞ্চের দ্বারস্থ হয়েছিলেন অভিষেক। মিলেছিল রক্ষাকবচও। এরপরেই বিচারপতি ঘোষের এজলাসে কেন এই মামলা উঠল, তা নিয়ে প্রশ্ন তোলে ইডি। তাদের বক্তব্য ছিল, নিয়োগ দুর্নীতি সংক্রান্ত এই মামলার শুনানি বিচারপতি অমৃতা সিনহার বেঞ্চে হওয়ার কথা। এরপরই মামলা সরে দাঁড়ানোর কথা জানান বিচারপতি তীর্থঙ্কর ঘোষ।

তারপরে, কোন এজলাসে এই মামলা যাবে, তা ঠিক করার কথা ছিল বিচারপতি টি এস শিবজ্ঞানমের। মঙ্গলবার তিনি ফের সেই মামলা বিচারপতি ঘোষের এজলাসে পাঠিয়ে দেন। সেই মামলারই শুনানি ছিল বুধবার।স্বতঃপ্রণোদিত ভাবেই এই কথা জানানো হয় এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের তরফে।

বুধবার তাঁর বিরুদ্ধে করা এফআইআর খারিজের আর্জি জানিয়েছিলেন অভিষেক।

এরপর ৩ পাতায়

## পঞ্চায়েতে হিংসার ঘটনা নিয়ে

# সিবিআই তদন্তের দাবি রবিশঙ্করদের



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন** : পঞ্চায়েত ভোটে হিংসা ও অশান্তির ঘটনা নিয়ে সিবিআই তদন্তের দাবি করল বিজেপির সংসদীয় টিম। বুধবার এ ব্যাপারে দিল্লিতে সাংবাদিক বৈঠক করেছেন প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী রবিশঙ্কর প্রসাদ । তিনি জানান, কেন্দ্রে শাসক দল বাংলায় যে তিনটি প্রতিনিধি দল পাঠিয়েছিল, তারা সবাই পঞ্চায়েতে হিংসার ঘটনা নিয়ে গভীর তদন্তের সুপারিশ করেছে।সুনির্দিষ্ট ভাবে কয়েকটি ঘটনার উদাহরণ দিতে চান রবিশঙ্কর, যেখানে মহিলাদের উপর অত্যাচারের ঘটনা ঘটেছে। বা বিজেপি কর্মীদের মারধর করা হয়েছে।

তাতপর্যপূর্ণ হল, এই পঞ্চায়েত ভোটে তৃণমূলের সঙ্গে বাম ও কংগ্রেসের যতটা সংঘাত দেখা গিয়েছে, ততটাই সংঘাত দেখা গিয়েছে বিজেপির সঙ্গে। কিন্তু সিপিএম-কংগ্রেস কোনও কেন্দ্রীয় এজেন্সির তদন্ত দাবি করেনি। বরং বামেদের স্পষ্ট বক্তব্য, বুথ স্তরের লড়াই তাঁরা বুথেই করবেন। আদালতের ভরসায় বসে থাকবেন না।কারণ, রাজ্যের আইন শৃঙ্খলা ব্যবস্থার উপর বাংলার মানুষেরই আর ভরসা নেই।

বিজেপি বাংলায় তিন দফায় সংসদীয় প্রতিনিধি দল পাঠিয়েছিল। প্রথমে টিমে নেতৃত্ব দিয়েছিলেন রবিশঙ্কর প্রসাদ । পরে মহিলা সাংসদদের একটি টিম পাঠানো হয়েছিল। তার

এরপর ৩ পাতায়


# সাতকাহন

{কবিতা সংকলন}

ছায়াপথ প্রকাশনী

আলোর মিছিল

সম্পাদনায়:- অদিতি আচার্য্য ও মৃত্যুঞ্জয় সরদার

* GOVT. REGD
* ISBN allocation
* Online/Offline selling

লেখা পাঠানোর প্রক্রিয়া

১. স্রষ্টার কবিতা যেকোনো পর্যায়ের হতে পারে।
২. কবিতা সর্বাধিক ২৪ লাইনের হতে পারে।
৩. লেখা পাঠানোর ৩দিনের মধ্যে মনোনীত হলে যোগাযোগ করা হবে।
৪. what'sapp এ টাইপ বা document করে লেখা পাঠাতে হবে।

নির্বাচিত সাহিত্যিকদের জন্যে থাকছে মানপত্র এবং মেমেন্টো।



-:লেখা পাঠানোর ঠিকানা:-
what's app :- 7439971094
সময়সীমা:- ৩০শে জুলাই, ২০২৩ এর মধ্যে।

প্রিবুক মূল্য:-
২৫০ টাকা মাত্র

বি: দ্র: - বই প্রকাশ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন বাংলার বিশিষ্ট সাহিত্যিক, অভিনেতা, সঙ্গীত এবং নৃত্য জগতের দিকপালরা, সাংবাদিক সম্মেলনের মাধ্যমে প্রকাশ পাবে বইটি।

আমরা সৌজন্য সংখ্যা দিতে অপরাগ, একটি কপি প্রিবুক করে নেওয়ার অনুরোধ জানাই।

Chayapoth Publication Facebook Page



একটি উন্নততর আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান

# সরবেড়িয়া আন্-নূর মিশন

রেজিস্টার্ড অফিস : সরবেড়িয়া, পোঃ-এফ.এস. হাট, থানা - ন্যাজাট, জেলা - উঃ ২৪ পরগনা, পিন : ৭৪৩৩২৯

E-mail : sarberia.annoor.mission@gmail.com ● Website : annoormission.org

প্রতিষ্ঠাতা : মরহুম আলহাজ্ব আব্দুল হামিদ

২০২৩-২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি চলিতেছে

যে সমস্ত ছাত্র-ছাত্রীরা ২০২৩ সালে মাধ্যমিক পরীক্ষা দিয়েছে তারা অভিভাবক সহ সরাসরি মিশনে এসে **Spot Exam** এর মাধ্যমে একাদশ শ্রেণিতে কলা ও বিজ্ঞান বিভাগে ভর্তি হতে পারবে এবং মাধ্যমিক পরীক্ষার ফলাফল বের হলে ৭৫ শতাংশ নম্বর বিজ্ঞান বিভাগ ও ৬০ শতাংশ নম্বরে কলা বিভাগে ভর্তি হওয়ার সুযোগ পাবে। মেধাবী ও দুঃস্থ ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে বিশেষ সুযোগ-সুবিধা দেওয়া হবে। সত্ত্বর যোগাযোগ করুন।

আসন সংখ্যা সীমিত



মোস্তাক হোসেন
প্রধান পৃষ্ঠপোষক
কর্ণধার
পতাকা শিল্পগোষ্ঠী



Gilr's Hostel



Boy's Hostel



সেখ নুরুল হক
চেয়ারম্যান
অ্যাকাডেমিক কাউন্সিল
অবসরপ্রাপ্ত আই.এ.এস

মাধ্যমিক ফলাফল -২০২২

| বোর্ড/কাউন্সিল | | মোট পরীক্ষার্থী | স্টার | প্রথম বিভাগ | দ্বিতীয় বিভাগ | সর্বোচ্চ প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|---|---|---|
| WBBSE | ছাত্রী | ২৮ | ০৩ | ২০ | ০৫ | ৫৮১ |
| | ছাত্র | ০৯ | ০৩ | ০৪ | ০২ | ৫৬৬ |
| | সর্বমোট | ৩৭ | ০৬ | ২৪ | ০৭ | |



জাকির হোসেন মোল্লা
সম্পাদক
সরবেড়িয়া আন্-নূর মিশন
মোঃ - ৯৭৩২ ৫৩১ ১৭১

উচ্চমাধ্যমিক ফলাফল -২০২২

| বোর্ড/কাউন্সিল | | মোট পরীক্ষার্থী | >90 % | 90-80 % | স্টার মার্কস | সর্বোচ্চ প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|---|---|---|
| WBCHSE | ছাত্রী (বিজ্ঞান) | ০৮ | ০১ | ০৮ | ০৮ | ৪৬২ |
| | ছাত্র (বিজ্ঞান) | ০৬ | ০১ | ০৬ | ০৬ | ৪৫৪ |
| WBCHSE | ছাত্রী (কলা) | ১৬ | ০০ | ১৪ | ১৬ | ৪৪১ |
| | ছাত্র (কলা) | ০২ | ০০ | ০২ | ০২ | ৪৪১ |
| | সর্বমোট | ৩৭ | ০৬ | ২৫ | ৩২ | |

আবাসিক শিক্ষক চাই

- জীববিদ্যা
- পুষ্টিবিদ্যা
- পদার্থবিদ্যা
- শিক্ষাবিজ্ঞান
- আরবী (এম.এম)

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

97 34 54 95 05 / 95 64 01 19 06

## ভোট পরবর্তী হিংসে অব্যাহত,

# তৃণমূল কংগ্রেসের বাড়ি লক্ষ্য করে বোমাবাজি

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন** : রাতের অন্ধকারে যুব তৃণমূল কর্মীর বাড়িতে বোমাবাজির অভিযোগ মাদার তৃণমূলের বিরুদ্ধে। মঙ্গলবার গভীর রাতে ঘটনাটি ঘটেছে দক্ষিণ ২৪ পরগনার বাসন্তী থানার অন্তর্গত সচিয়া খালি গ্রামে। এই গ্রামের বাসিন্দা যুব তৃণমূল কর্মী রফিকুলের বাড়িতে বোমাবাজির অভিযোগ উঠেছে মাদার তৃণমূলের বিরুদ্ধে। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় যথেষ্ট উত্তেজনা রয়েছে। ওই যুব তৃণমূল কর্মীর বাড়ি থেকে একটি তাজা বোমা ও উদ্ধার হয়েছে। ঘটনার খবর পেয়ে বাসন্তী থানার পুলিশ ঘটনাস্থলে এসে তদন্ত শুরু করেছে। যদিও এই অভিযোগ অস্বীকার করেছেন এলাকার তৃণমূল নেতৃত্ব। তবে এই ঘটনায় এলাকায় আরও একবার তৃণমূলের দুই গোষ্ঠীর কোন্দল প্রকাশ্যে চলে এলো।


## উত্তর ২৪ পরগনা থেকে

# ভাঙ্গরের আই এস এফের জয়ী প্রার্থীকে গ্রেপ্তার, এলাকায় চাঞ্চল্য

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন** : ভাঙরে আই এস এফ ও শাসক দলের মধ্যে মাঝে মধ্যে বোমা বাজি গুলি লেগেই আছে। আর এই ভাঙ্গরে অশান্তি ছড়াচ্ছে সদ্য পঞ্চায়েত নির্বাচনে জিতে আসা আই এস এফ সদস্য এই কারণ দেখিয়ে উত্তর ২৪ পরগনা জেলার বনগাঁ বাংলাদেশ বর্ডার এলাকা থেকে অহিদুল ইসলাম কেমঙ্গলবার রাত্রে গ্রেফতার করা হয়, আর ইতিমধ্যে তাকে বারাইপুর কোর্টে তোলা হচ্ছে। এ বিষয়ে ওহিদুল ইসলাম বলেন শাসকদলের ভয়ে তিনি পালিয়ে বেড়াচ্ছেন ভোট গণনার পর থেকে তিনি ঘর ছাড়া, আর তাকেই গ্রেফতার করছে পুলিশ, তার বিরুদ্ধে ওঠার সমস্হ অভিযোগ মিথ্যা।

## পঞ্চায়েত ভোটে অশান্তি

# কবে হয়নি: সুমন

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন** : ভোটে হিংসার অভিযোগ তুলে প্রতিবাদ জানিয়ে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে খোলা চিঠি লিখেছিলেন অভিনেত্রী অপর্ণা সেন-সহ বিশিষ্টজনদের একাংশ। এ বার তারই জবাব দিলেন বিশিষ্টজনদের অন্য একটা অংশ। বুধবার প্রেস ক্লাবে সাংবাদিক বৈঠক করে পাল্টা বিবৃতি দিয়েছেন তাঁরা। প্রশ্ন তুলেছেন, বাংলার পঞ্চায়েত ভোটে অশান্তি কবে হয়নি?ঘটনাচক্রে, সুমনদের বিবৃতি অপর্ণাদের চিঠির সম্পূর্ণ বিপরীত। অপর্ণারা পঞ্চায়েত হিংসার জন্য রাজ্যের মুখ্যমন্ত্রী এবং স্বরাষ্ট্রমন্ত্রী হিসাবে মমতাকেই 'দায়ী' করেছিলেন। অবিলম্বে রাজ্যে নিরপেক্ষ প্রশাসনিক ব্যবস্থা চালু করার আবেদনও জানিয়েছিলেন তাঁরা। অপর্ণা অবশ্য শুধু তৃণমূল নয়, সব রাজনৈতিক দলকেই 'দুর্নীতিগ্রস্ত' বলে দাবি করেন। তাঁদের বক্তব্যের পাল্টা দিয়ে রাজ্যের শাসক দলের পাশে দাঁড়িয়ে বিপরীত অবস্থান স্পষ্ট করলেন সুমন-সহ অন্যেরা। বুধবারের ওই সাংবাদিক বৈঠকে গায়ক কবীর সুমন ছাড়াও ছিলেন রাজ্যের প্রাক্তন মন্ত্রী পূর্ণেন্দু বসু, চিত্রশিল্পী তথা প্রাক্তন রাজ্যসভার সাংসদ যোগেন চৌধুরী, লেখক আবুল বাশার, নাট্যব্যক্তিত্ব অর্পিতা ঘোষ প্রমুখ। এমনিতে বিদ্বজ্জনদের এই অংশটি 'তৃণমূল ঘনিষ্ঠ' বলে পরিচিত। বুধবার রাজ্যের উন্নয়নকে সামনে রেখে মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকারের ভূয়সী প্রশংসাও করেন তাঁরা। একই সঙ্গে কেন্দ্রের বিজেপি সরকারকে সরানোর ডাকও দেন বিদ্বজ্জনদের ওই অংশটি।গত ২০ জুলাই, বৃহস্পতিবার ভারতসভা হলে মানবাধিকার নিয়ে কাজ করা একটি সংগঠনের আলোচনাচক্রে মমতার উদ্দেশে খোলা চিঠি পাঠ করেন অপর্ণা। পরে তিনি বলেছিলেন, "এই পরিবর্তন আমরা কেউ চাইনি।" সেই বক্তব্যের রেশ টেনে বুধবার সুমন বলেছেন, "যাঁরা বলছেন, এই পরিবর্তন চাইনি, তাঁদের কাছে আমার প্রশ্ন, ঠিক কোন পরিবর্তন চেয়েছিলেন আপনারা?'' সুমনের মতে, বাংলার ভোটে অশান্তি নতুন নয়। পঞ্চায়েত নির্বাচনকে কেন্দ্র করে তৈরি হওয়া সাম্প্রতিক পরিস্থিতিতেও তাই নতুন কিছু

এরপর ৩ পাতায়

## আকাশ বাইজুদস চালু করল তাদের সবচেয়ে বড়

### এবং সবচেয়ে প্রতীক্ষিত ন্যাশনাল ট্যালেন্ট হান্ট পরীক্ষা, অ্যানথে ২০২৩; সপ্তম থেকে দ্বাদশ শ্রেণিদর ছাত্রদের জন্য ১০০ শতাংশ পর্যন্ত বৃত্তি এবং নগদ পুরস্কার দেওয়া হবে

- আকাশ ইনস্টিটিউটের জাতীয় বৃত্তি পরীক্ষা, অ্যানথে হবে ৭-১৫ অক্টোবর, ২০২৩-এর মধ্যে, এটি অনলাইন এবং অফলাইন উভয় মোডে অনুষ্ঠিত হবে
- ১০০% পর্যন্ত বৃত্তি প্রদান করা হবে; ৭০০ জন শিক্ষার্থীকে নগদ পুরস্কার দেওয়া হবে
- সমগ্র গ্রেড জুড়ে ১০০ জন শিক্ষার্থী ন্যাশনাল সায়েন্স এক্সপিডিশন-এর অংশ হওয়ার সুযোগ পাবে
- গত বছর একটি রেকর্ড তৈরি হয়েছিল যখন ১৬.৫ লক্ষেরও বেশি শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়েছিল
- অনেক টপার (নিট ইউজি ২০২৩-এ সর্বভারতীয় র‍্যাঙ্ক ৩, ৫, ৬ এবং জি অ্যাডভান্স ২০২৩-এ সর্বভারতীয় র‍্যাঙ্ক ২৭,২৮) অ্যানথেদের সঙ্গে তাদের যাত্রা শুরু করেছিল




আকাশ বাইজুস, নিট (আন্ডার গ্র্যাজুয়েট) এবং জি -এর পরীক্ষার প্রস্তুতিতে জাতীয় লিডার, আজ তার ফ্ল্যাগশিপ ভর্তি পরীক্ষা অ্যানথে (আকাশ ন্যাশনাল ট্যালেন্ট হান্ট পরীক্ষা) ২০২৩-এর ১৪ তম সংস্করণ চালু করেছে। আজ প্রেস কে সম্বোধন করতে গিয়ে, সুশ্রী বিনা আগরওয়াল (প্রধান কোঅর্ডিনেটর), মিঃ দেবজ্যোতি মজুমদার (ডিন), মিঃ রাজু সিং (জেনারেল ম্যানেজার-এডমিশন) এবং মিঃ সুদীপ্ত চৌধুরী (প্রধান মার্কেটিং অফিসার) অ্যানথে ২০২৩-এর বৈশিষ্ট্য এবং সুবিধাগুলির ব্যাখ্যা করেন। অ্যানথে ২০২৩ ভারতের ২৬টি রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চল জুড়ে ৭ থেকে ১৫ অক্টোবর, ২০২৩ এর মধ্যে অনলাইন এবং অফলাইন উভয় মোডে ৭ম-১২তম শ্রেণীর ছাত্রদের জন্য অনুষ্ঠিত হবে। ১০০% পর্যন্ত স্কলারশিপ ছাড়া, শীর্ষ স্কোরার নগদ পুরস্কার এবং ১০০ জন শিক্ষার্থীকে একটি জাতীয় বিজ্ঞান অভিযানের অংশ হওয়ার সুযোগ পেতে গ্রেড জুড়ে প্রাপ্ত করবে।

**Kolkata, July 26, 2023: নিউজ সারাদিন** : পরীক্ষার প্রস্তুতিমূলক পরিষেবাগুলির ক্ষেত্রে ন্যাশনাল লিডার, আকাশ বাইজুদস আজ তাদের জনপ্রিয় এবং সবচেয়ে প্রতীক্ষিত অ্যানথে (আকাশ ন্যাশনাল ট্যালেন্ট হান্ট পরীক্ষা) ২০২৩-এর ১৪ তম সংস্করণ উদ্বোধন করল। এই ফ্ল্যাগশিপ বার্ষিক বৃত্তি পরীক্ষা সপ্তম থেকে দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের ১০০% পর্যন্ত স্কলারশিপ ও উল্লেখযোগ্য নগদ পুরস্কার সহ তাদের সম্ভাবনাকে উন্মোচন করতে সাহায্য করবে। তরুণ মননকে মেডিসিন বা ইঞ্জিনিয়ারিংয়ে একটি প্রতিশ্রুতিশীল ভবিষ্যতের স্বপ্নের দিকে এগিয়ে যাওয়ার জন্য ক্ষমতায়ন করে, অ্যানথে ২০২৩ সাফল্যের একটি অসাধারণ গেটওয়ে হওয়ার প্রতিশ্রুতি দেয়। কোলকাতায় প্রেসকে সম্বোধন করে, সুশ্রী বিনা আগরওয়াল (প্রধান কোঅর্ডিনেটর), মিঃ দেবজ্যোতি মজুমদার (ডিন), মিঃ রাজু সিং (জেনারেল ম্যানেজার-এডমিশন) এবং মিঃ সুদীপ্ত চৌধুরী (প্রধান মার্কেটিং অফিসার) অ্যানথে ২০২৩-এর বৈশিষ্ট্য এবং সুবিধাগুলির ব্যাখ্যা করেন।

অ্যানথে স্কলারশিপ প্রাপকরা আকাশ-এ তাদের নাম নথিভুক্ত করতে পারবে এবং নিট, জি, স্টেট সিইটি, স্কুল/বোর্ড পরীক্ষা এবং এনটিএসই ও অলিম্পিয়াডের মত প্রতিযোগিতামূলক বৃত্তি সহ বিভিন্ন পরীক্ষার জন্য প্রস্তুত হবার ক্ষেত্রে বিশেষজ্ঞদের কাছ থেকে প্রশিক্ষণ ও পরামর্শ পেতে পারবে।

এই বছর শিক্ষার্থীদের জন্য একটি দুর্দান্ত সংযোজন হল বিভিন্ন শ্রেণির ১০০ জন শিক্ষার্থীর জন্য সমস্ত খরচ সহ একটি ৫ দিনের ন্যাশনাল সায়েন্স এক্সপিডিশন-এর অংশ হওয়ার সুযোগ পাওয়া যাবে।

নিট (আন্ডার গ্র্যাজুয়েট) এবং জি (অ্যাডভান্সড)-এর মত পরীক্ষায় আকাশ বাইজুদস-এর বেশ কয়েকজন ছাত্র বছরের পর বছর ধরে শীর্ষস্থানীয় র‍্যাঙ্কার হিসাবে উঠে আসার সঙ্গে সঙ্গে অ্যানথে পরীক্ষায়ও উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছে। আকাশ-এর যে সমস্ত শিক্ষার্থী অ্যানথেদের সঙ্গে আকাশ-এ তাদের শিক্ষার যাত্রা শুরু করেছে, তাদের মধ্যে রয়েছে নিট(আন্ডার গ্র্যাজুয়েট)-এ চ্যাম্পিয়ন হওয়া কৌস্তুভ বাউরি (সর্বভারতীয় র‍্যাঙ্ক ৩), ধ্রুব আদবানি (সর্বভারতীয় র‍্যাঙ্ক ৫) এবং সূর্য সিদ্ধার্থ এন (সর্বভারতীয় র‍্যাঙ্ক ৬)-এর মত ছাত্র। একইরকমভাবে, অ্যানথেদের সঙ্গে যাত্রা শুরু করা ছাত্ররা, যারা জি (অ্যাডভান্সড) ২০২৩-এ প্রশংসনীয় অবস্থান অর্জন করেছে, তাদের মধ্যে রয়েছে আদিত্য নীরজে (সর্বভারতীয় র‍্যাঙ্ক ২৭) এবং আকাশ গুপ্তা (সর্বভারতীয় র‍্যাঙ্ক ২৮)।

অ্যানথে ২০২৩ সম্পর্কে মন্তব্য করতে গিয়ে, আকাশ এডুকেশনাল সার্ভিসেস লিমিটেড(এইএসএল)-এর সিইও মি. অভিষেক মহেশ্বরী বলেন, "লক্ষ লক্ষ শিক্ষার্থীর স্বপ্ন এবং সামর্থ্যের মধ্যে ব্যবধান দূর করে তাদের প্রত্যাশা পূরণের ক্ষেত্রে অ্যানথে অনুঘটক হিসেবে কাজ করছে। ২০১০ সালে এর সূচনা হওয়ার পর থেকে, আমরা অবস্থানের প্রতিবন্ধকতা ভেঙ্গে সমগ্র দেশব্যাপী যোগ্য শিক্ষার্থীদের জন্য আমাদের কোচিং-এর সুযোগকে প্রসারিত করার চেষ্টা করেছি। অ্যানথে যেকোনও অবস্থানে থাকা শিক্ষার্থীদের জন্য তাদের নিজস্ব গতিতে নিট এবং আইআইটি-জি পরীক্ষার ক্ষেত্রে প্রস্তুত করার দরজা খুলে দিয়েছে। আমরা অ্যানথে ২০২৩-এ বেশি সংখ্যক অংশগ্রহণের প্রত্যাশা করছি এবং শিক্ষার্থীদের একটি প্রতিশ্রুতিশীল ভবিষ্যতের কাছাকাছি নিয়ে যাওয়ার লক্ষ্যে অটল থাকছি।"

অ্যানথে ২০২৩ হবে ৭ অক্টোবর থেকে ১৫ অক্টোবর, ২০২৩ পর্যন্ত। ভারতের ২৬টি রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চল জুড়ে অনলাইন এবং অফলাইন, এই উভয় মোডেই অনুষ্ঠিত হবে এই পরীক্ষা। এখানে ১০০% পর্যন্ত বৃত্তি ছাড়াও, টপ স্কোরাররাও নগদ পুরস্কার পাবে।

পরীক্ষার সমস্ত দিনগুলিতে সকাল ১০:০০ থেকে রাত ০৯:০০-এর মধ্যে অ্যানথে অনলাইন পরীক্ষা অনুষ্ঠিত হবে। অফলাইন পরীক্ষা হবে ৮ ও ১৫ অক্টোবর, ২০২৩-এ দুটি শিফটে: সকাল ১০:৩০ থেকে ১১:৩০ এবং বিকেল ০৪:০০টা থেকে ০৫:০০টা পর্যন্ত সময়ে। সারা দেশে আকাশ বাইজুদস-এর ৩১৫+ কেন্দ্রে হবে এই পরীক্ষা। শিক্ষার্থীরা তাদের জন্য সুবিধাজনক এক ঘণ্টার স্লট বেছে নিতে পারবে।

অ্যানথে হল একটি এক ঘন্টার পরীক্ষা, যার মধ্যে মোট ৯০ নম্বর থাকবে এবং এতে ৪০টি মাল্টিপল-চয়েস প্রশ্ন থাকবে, যা শিক্ষার্থীদের গ্রেড এবং স্ট্রিম প্রত্যাশার ওপর ভিত্তি করে থাকবে। সপ্তম থেকে নবম শ্রেণির শিক্ষার্থীদের জন্য, প্রশ্নগুলি পদার্থবিদ্যা, রসায়ন, জীববিজ্ঞান, গণিত এবং মানসিক ক্ষমতার মত বিষয়গুলি কভার করবে। মেডিক্যাল শিক্ষার জন্য প্রত্যাশী দশম শ্রেণির শিক্ষার্থীদের জন্য, প্রশ্নগুলি পদার্থবিদ্যা, রসায়ন, জীববিজ্ঞান এবং মানসিক ক্ষমতা কভার করবে। একই শ্রেণির ইঞ্জিনিয়ারিং প্রার্থীদের জন্য, প্রশ্নগুলি পদার্থবিদ্যা, রসায়ন, গণিত এবং মানসিক ক্ষমতা কভার করবে। একইভাবে, একাদশ-দ্বাদশ শ্রেণির ছাত্রদের জন্য, যারা নিট-এর দিকে লক্ষ্য রেখে প্রস্তুতি নিচ্ছে, তাদের জন্য প্রশ্নগুলি পদার্থবিদ্যা, রসায়ন, উদ্ভিদবিদ্যা এবং প্রাণিবিদ্যা কভার করবে। আবার ইঞ্জিনিয়ারিং প্রার্থীদের জন্য প্রশ্নগুলি পদার্থবিদ্যা, রসায়ন এবং গণিত কভার করবে।

অ্যানথে ২০২৩-এ নাম নথিভুক্ত করার জন্য ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ হল, অনলাইন পরীক্ষা শুরু হওয়ার তিন দিন আগে এবং অফলাইন পরীক্ষার সাত দিন আগে। পরীক্ষার ফি অফলাইন মোডের জন্য ১০০ টাকা এবং অনলাইন মোডের জন্য কোনও ফি লাগবে না।

অ্যানথে ২০২৩-এর ফলাফল ঘোষণা করা হবে দশম শ্রেণির ছাত্র-ছাত্রীদের জন্য ২৭ অক্টোবর, ২০২৩-এ, সপ্তম থেকে নবম শ্রেণির ছাত্রদের জন্য ০৩ নভেম্বর, ২০২৩-এ এবং একাদশ ও দ্বাদশ শ্রেণির ছাত্রদের জন্য ফলাফল ঘোষণা করা হবে ০৮ নভেম্বর, ২০২৩-এ। ফলাফল আমাদের ওয়েবসাইটে পাওয়া যাবে।

## পঞ্চায়েতে বোর্ড গড়তে শাসকদলের

# নতুন খেলা প্রার্থী অপহরণ, দাবি বিরোধীদের




**গোপাল শীল: নিউজ সারাদিন** : ইতিমধ্যে শাসকদলের খেলা হবে স্লোগান সমর্থকদের মুখে মুখে ঘুরে বেড়াচ্ছে, আর নতুন খেলা যে শুরু হয়েছে পঞ্চায়েত ভোট গঠনের আগে তার জলজ্যান্ত প্রমাণ কুলপি ব্লক। আই এস এফের ২ প্রার্থী ও কংগ্রেসের ১ প্রার্থীকে তুলে নিয়ে যাওয়ার অভিযোগ শাসকদলের বিরুদ্ধে। ঘটনাটি দক্ষিণ ২৪ পরগনা কুলপি বিধানসভা গাজীপুর গ্রাম পঞ্চায়েতের। কুলপি বিধানসভা গাজীপুর গ্রাম পঞ্চায়েতে মোট আসন সংখ্যা ১৫। নির্বাচনে ৬ টি আসনে জয়ী কংগ্রেস প্রার্থীরা। অন্যদিকে তৃণমূল কংগ্রেস পেয়েছে ৫ টি আসন ও আই এস এফ ২, বিজেপি ১ সি পি আই এম ১। পঞ্চায়েতে বোর্ড গঠন করতে দরকার ৮ জন সদস্য। কিন্তু তৃণমূল কংগ্রেস মোট পাঁচটি আসনে জয় লাভ করায় তাদের পক্ষে প্রধান গঠন করা অসম্ভব। তাই আই এস এফের দুই জয়ী প্রার্থী কৃপারামপুরের জয়ী প্রার্থী নকিব গায়েন, দৌলতাবাদের আই এস এফের জয়ী প্রার্থী রেজাউল পাইক ও কংগ্রেসের জয়ী প্রার্থী মোজাফফর মোল্লা কে তুলে নিয়ে গিয়েছে শাসক দলের গাজীপুর অঞ্চল তৃণমূল কংগ্রেসের সভাপতি আব্দুর রহিম মোল্লা এমনটাই অভিযোগ বিরোধীদের। আইএসএফের ব্লক নেতৃত্বের অভিযোগ, গাজীপুর গ্রাম পঞ্চায়েতে শাসক দল বোর্ড গঠন করতে না পেরে আই এস এফ ও কংগ্রেসের জয়ী প্রার্থীদের কে বিভিন্নভাবে ভয় দেখিয়ে তুলে নিয়ে যাওয়া হয়েছে। তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে ওঠা অভিযোগ অস্বীকার করেন গাজীপুর অঞ্চল তৃণমূল কংগ্রেসের সভাপতি আব্দুর রহিম মোল্লা। পাশাপাশি নিখোঁজ জয়ী প্রার্থীদের খোঁজ না মিললেও জয়ী প্রার্থীরা ভিডিও বার্তার মাধ্যমে জানায় তারা নিরাপদ জায়গায় রয়েছে এবং নিজেদের ইচ্ছায় তৃণমূল কংগ্রেসে যোগদান করছেন। অবশ্য জয়ী বিরোধীদলের ৩ পঞ্চায়েত সদস্য কোথায় রয়েছেন তার হদিশ নেই। অবশ্য বিরোধীদের অভিযোগ ,শাসক দল পঞ্চায়েত বোর্ড গঠন করতে না পেরে বিরোধী জয়ী প্রার্থীদের উপর জোরপূর্বক ভয়-ভীতি প্রদর্শন করে তুলে নিয়েগেছে। অবশ্য গাজীপুর গ্রাম পঞ্চায়েতের নির্বাচনী ফলাফলে কংগ্রেস ও আই এস এফ জোট সংখ্যাগরিষ্ঠতা পেয়েছে। সেই পঞ্চায়েত দখল করতেই শাসক দল এমন আচরণ করছেন।

চুক্তিভিত্তিক মার্কেটিং জানার সাংবাদিক নিয়োগ করা হবে।
সব রাজ্যে,
সব জেলা ও মহকুমাতে।
যে সব মার্কেটিং জানা সাংবাদিকরা কাগজের সঙ্গে যুক্ত হতে ইচ্ছুক ,
যোগাযোগ করুন ৯৫৬৪৩৮২০৩১

সম্রাজ্ঞী
{কবিতা সংকলন}
ছায়াপথ প্রকাশনী
আলোর মিছিল
সম্পাদিকা:- অদিতি আচার্য্য
লেখা পাঠানোর প্রক্রিয়া
* GOVT. REGD
* ISBN allocation
* Online/Offline selling
১. স্রষ্টার কবিতা যেকোনো পর্যায়ের হতে পারে।
২. কবিতা সর্বাধিক ২৪ লাইনের হতে পারে।
৩. লেখা পাঠানোর ৩দিনের মধ্যে মনোনীত হলে যোগাযোগ করা হবে।
৪. what'sapp এ টাইপ বা document করে লেখা পাঠাতে হবে।
নির্বাচিত সাহিত্যিকদের জন্যে থাকছে মানপত্র এবং মেমেন্টো।
-:লেখা পাঠানোর ঠিকানা:-
what's app :- 8207240867
সময়সীমা:- ৩০শে জুলাই, ২০২৩ এর মধ্যে।
বি: দ্র: - বই প্রকাশ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন বাংলা চলচ্চিত্র অভিনেতা অভিনেত্রীরা, সাংবাদিক সম্মেলনের মাধ্যমে প্রকাশ পাবে বইটি।
আমরা সৌজন্য সংখ্যা দিতে অপরাগ, একটি কপি প্রিবুক করে নেওয়ার অনুরোধ জানাই।
Chayapoth Publication Facebook Page

১-ম পাতার পর

## কলকাতা হাইকোর্টে পিছোল অভিষেক নামে এফআইআর মামলার শুনানি

সময়ের অভাবে এদিন সেই মামলার শুনানি সম্ভব হয়নি। আগামী সোমবার বিকেল ৪টে নাগাদ শুনানির সময় ধার্য করা হয়েছে।আদালতের তরফে এর আগে এই মামলায় রক্ষাকবচ পেয়েছিলেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। কিন্তু, গত সোমবার সেই রক্ষাকবচের মেয়াদ শেষ হয়। বিচারপতি তীর্থঙ্কর ঘোষ এই মামলা ছেড়ে দেওয়ায় পিছিয়ে যায় শুনানি। মঙ্গলবার প্রধান বিচারপতি অভিষেক বন্দ্যোপাধ্যায়ের মামলাটি ফের বিচারপতি তীর্থঙ্কর ঘোষের সিঙ্গল বেঞ্চে ফেরত পাঠান। আজ, বুধবার ফের বিচারপতি ঘোষের এজলাসে মামলার দ্রুত শুনানির আর্জি জানান অভিষেকের আইনজীবী অভিষেক মনু সিংভি। উত্তরে বিচারপতি তীর্থঙ্কর ঘোষ জানান, সোমবারের আগে মামলার শুনানি সম্ভব নয়।এরপরেই ইডির আইনজীবী এস বি রাজু আদালতে আশ্বাস দেন, আগামী সোমবার পর্যন্ত অভিষেকের বিরুদ্ধে কোনও কড়া পদক্ষেপ করা হবে না। নিয়োগ দুর্নীতির মামলায় নাম জড়ানোর পরে সিবিআই-এর জিজ্ঞাসাবাদের মুখোমুখি হতে হয়েছিল তৃণমূল সাংসদ অভিষেককে। পরে ইডি তলব করলেও, হাজিরা এড়িয়ে যান তিনি। সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েও রক্ষাকবচ পাননি অভিষেক। মামলা ফেরানো হয়েছিল কলকাতা হাইকোর্টে। তবে বিচারপতি অভিজিত গঙ্গোপাধ্যায়ের এজলাস থেকে সেই মমলা সরে আসে বিচারপতি অমৃতা সিনহার বেঞ্চে।পরে অভিষেকের বিরুদ্ধে এফআইআর করার নির্দেশ দেন কলকাতা হাইকোর্টের বিচারপতি অমৃতা সিনহা। সেই এফআইআর খারিজ করার আর্জি জানিয়ে বিচারপতি ঘোষের বেঞ্চের দ্বারস্থ হয়েছিলেন অভিষেক। মিলেছিল রক্ষাকবচও।

## ২০২২ ব্যাচের আইএফএস অফিসার প্রশিক্ষণার্থীদের প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ

**নতুন দিল্লি, ২৫ জুলাই, ২০২৩ : নিউজ সারাদিন :** ২০২২ ব্যাচের ইন্ডিয়ান ফরেন সার্ভিস (আইএফএস)-এর অফিসার প্রশিক্ষণার্থীরা আজ ৭, লোককল্যাণ মার্গে গিয়ে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর সঙ্গে সাক্ষাৎ করেন।

প্রধানমন্ত্রী তাঁদের সঙ্গে বিভিন্ন বিষয় নিয়ে মত বিনিময় করেন এবং সরকারি চাকরিতে যোগদানের পর তাঁদের অভিজ্ঞতা সম্পর্কে জানতে চান। প্রশিক্ষণকালে গ্রাম সফর, ভারত দর্শন সহ বিভিন্ন ক্ষেত্রে তাঁদের অভিজ্ঞতা প্রধানমন্ত্রীর সঙ্গে ভাগ করে নেন আইএফএস অফিসাররা। জলজীবন মিশন এবং প্রধানমন্ত্রী আবাস যোজনার মতো জনকল্যাণমূলক প্রকল্পগুলি মানুষের জীবনে কী ধরনের পরিবর্তন এনেছে, সে সম্পর্কে প্রধানমন্ত্রীকে অবহিত করেন তাঁরা। সরকারের জনকল্যাণমূলক প্রকল্পগুলির সাফল্য এবং কোনোরকম বৈষম্য না রেখেই কীভাবে এই সব প্রকল্প গরিব মানুষের কাছে পৌঁছে দেওয়া হচ্ছে, সে সম্পর্কে অফিসারদের জানান প্রধানমন্ত্রী। দেশের উন্নয়নের পক্ষে সহায়ক উচ্চাকাঙ্ক্ষী জেলা প্রকল্প সম্পর্কে জানার জন্য প্রধানমন্ত্রী তাঁদেরকে পরামর্শ দেন।

প্রধানমন্ত্রী ভারতের জি২০ সভাপতিত্ব নিয়েও তাঁদের সঙ্গে আলোচনা করেন এবং জি২০-র বিভিন্ন বৈঠকে তাঁদের যোগদানের অভিজ্ঞতা সম্পর্কে জানতে চান তিনি। পরিবেশগত বিভিন্ন বিষয় সম্পর্কে বলতে গিয়ে প্রধানমন্ত্রী মিশন লাইফ (লাইফস্টাইল ফর এনভায়রনমেন্ট)-এর কথা উল্লেখ করেন এবং বলেন যে, প্রত্যেক মানুষের জীবনযাত্রায় পরিবর্তনের মাধ্যমে জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জের মোকাবিলা করা সম্ভব।

১-ম পাতার পর

## বিধানসভায় পঞ্চায়েত ভোট নিয়ে আলোচনায় রাজি রাজ্য সরকার: শোভনদেব

বিষয়ে আলোচনা হোক। তবে এই বিষয়টি ওদের আনা প্রস্তাবের ভিত্তিতে হবে না অন্য ফরম্যাটে হবে। সোমবার তা ঠিক করা হবে। ওই দিনই আবার বিএ কমিটির বৈঠক রয়েছে। সেই বৈঠকেই এ বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে।' বিজেপি পরিষদীয় দল চাইছে, সার্বিক ভাবে রাজ্যের আইনশৃঙ্খলার ইস্যুতে আলোচনার মধ্যে দিয়ে পঞ্চায়েতের সন্ত্রাস এবং নারী নির্যাতন নিয়ে সরব হতে। মঙ্গলবার বিধানসভা ছাড়ার আগে এই বিষয়ে ইঙ্গিত দিয়ে গিয়েছিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

আগামী সোমবার বিধানসভায় মণিপুরে লাগাতার হিংসা এবং নারী নির্যাতনের ঘটনার পরিপ্রেক্ষিতে নিন্দা প্রস্তাব আনা হবে। সেই প্রস্তাবের আলোচনা পর্বে অংশ নেবেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। কিন্তু মণিপুরের বিষয়টি বিচারাধীন বলে, তা আলোচনার যোগ্য নয় বলে মনে করছে বিজেপি পরিষদীয় দল। তবে বিজেপি পরিষদীয় দল সূত্রে খবর, তারা মণিপুর সংক্রান্ত আলোচনার বিষয়ে অংশগ্রহণ করতে পারেন। সেই আলোচনায় অংশ নেবেন বিরোধী দলনেতাও। মণিপুর নিয়ে নিন্দা প্রস্তাব প্রসঙ্গে পরিষদীয় মন্ত্রী শোভনদেবের বক্তব্য, 'দেশের একটি অঙ্গরাজ্য গত তিন মাস ধরে অশান্ত রয়েছে। সেখানে নারী নির্যাতনের যে ঘটনা দেখা গিয়েছে তাতে সারা দেশ শিউরে উঠেছে। তাই এমন একটি বিষয় নিয়ে পশ্চিমবঙ্গ বিধানসভায় আলোচনা হওয়া অত্যন্ত জরুরি বলেই আমরা মনে করি।'

## রাজ্যসভার সভাপতি চার মহিলা সাংসদকে ভাইস-চেয়ারপার্সন হিসেবে মনোনীত করেছেন

**নতুন দিল্লি, ২৫ জুলাই, ২০২৩ : নিউজ সারাদিন :** প্রথম মহিলা হিসেবে রাজ্যসভায় সভাপতিত্ব করে ইতিহাস সৃষ্টি করলেন নাগাল্যান্ড থেকে নির্বাচিত শ্রীমতী এস ফাঙনন কোনিয়াক। এর আগে ১৭ জুলাই, ২০২৩ তারিখে ভাইস-চেয়ারপার্সনের প্যানেলে প্রথম মহিলা সদস্য হিসেবে নিযুক্ত হয়ে ইতিহাস তৈরি করেছিলেন তিনি।

লিঙ্গসমতার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে গত সপ্তাহে চারজন মহিলা সদস্যকে (মোট সদস্যের ৫০%) নিয়ে ভাইস-চেয়ারপার্সনের প্যানেল তৈরি করেন রাজ্যসভার সভাপতি শ্রী জগদীপ ধনখড়। এখানে উল্লেখযোগ্য হল, এই চারজন মহিলা সদস্যই প্রথমবার সাংসদ হয়েছেন। সংসদের বাদল অধিবেশনের আগে ৮ সদস্যের প্যানেলকে পুনর্গঠিত করা হয়, যার অর্ধেক হলেন মহিলা সদস্যরা। সংসদের উচ্চকক্ষের ইতিহাসে এই প্রথম ভাইস-চেয়ারপার্সনদের প্যানেলে মহিলা সদস্যদের সমান প্রতিনিধিত্ব রাখা হল।

গত সপ্তাহে মনোনীত ভাইস-চেয়ারপার্সনদের সম্পর্কে বিস্তারিত তথ্য নীচে দেওয়া হল।

শ্রীমতী পি টি উষা:

- পদ্মশ্রী জয়ী বিখ্যাত অ্যাথলিট। ২০২২ সালের জুলাইয়ে তিনি রাজ্যসভায় মনোনীত হন।
- তিনি প্রতিরক্ষা, যুব ও ক্রীড়া মন্ত্রকের পরামর্শদাতা কমিটি এবং আচরণবিধি সংক্রান্ত কমিটির সদস্য।

শ্রীমতী এস ফাঙনন কোনিয়াক:

- ভারতীয় জনতা পার্টির পক্ষ থেকে ২০২২ সালের এপ্রিলে নাগাল্যান্ড থেকে প্রথম মহিলা হিসেবে তিনি রাজ্যসভায় নির্বাচিত হন এবং তিনি হলেন দ্বিতীয় মহিলা, যিনি সংসদের উভয় কক্ষ ও রাজ্য বিধানসভায় নির্বাচিত হয়েছিলেন।
- তিনি পরিবহন, পর্যটন ও সংস্কৃতি কমিটি, উত্তর পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রকের পরামর্শদাতা কমিটি এবং নারীর ক্ষমতায়ন কমিটির সদস্য।

ডঃ ফৌজিয়া খান:

- তিনি জাতীয়তাবাদী কংগ্রেস পার্টির পক্ষ থেকে ২০২০ সালের এপ্রিলে রাজ্যসভায় নির্বাচিত হন।
- তিনি নারীর ক্ষমতায়ন কমিটি, ক্রেতা বিষয়ক, খাদ্য ও গণবন্টন কমিটি এবং আইন ও বিচার মন্ত্রকের পরামর্শদাতা কমিটির সদস্য।

শ্রীমতী সুলতা দেও:

- তিনি বিজু জনতা দলের পক্ষ থেকে ২০২২ সালের জুলাইয়ে রাজ্যসভায় নির্বাচিত হন।
- তিনি শিল্প কমিটি, নারীর ক্ষমতায়ন কমিটি, সাংসদ এলাকা উন্নয়ন প্রকল্প সংক্রান্ত কমিটি এবং নারী ও শিশুবিকাশ মন্ত্রকের পরামর্শদাতা কমিটির সদস্য।

১-ম পাতার পর

## পঞ্চায়েতে হিংসার ঘটনা নিয়ে সিবিআই তদন্তের দাবি রবিশঙ্করদের

নেতৃত্বে ছিলেন সাংসদ সরোজ পাণ্ডে। এর পরই তফসিলি জাতির সাংসদদের নিয়ে একটি টিম বাংলায় পাঠিয়েছিলেন বিজেপি সভাপতি জগতপ্রকাশ নাড্ডা। রবিশঙ্করের সাংবাদিক বৈঠক শুনে তৃণমূল মুখপাত্র কুণাল ঘোষ বলেন, 'বিজেপি সিবিআই-ইডি থেকেই পঞ্চায়েতে প্রার্থী বাছাই করতে পারত। বুথে ওদের লোক নেই। মানুষ ওদের চায় না। তাই ভোট পায়নি।' কুণালের কথায়, 'জেপি নাড্ডারা যে টিম বাংলায় পাঠিয়েছিলেন, তার সবটাই ভেক। ওরা যেনতেনপ্রকারে সবেতে সিবিআই চায়। ভাবছে সিবিআই-ই ওদের ভোটে জেতাবে।'

রবিশঙ্কর প্রসাদ এদিন সাংবাদিক বৈঠক করে বলেন, পঞ্চায়েত ভোটের সময়ে অন্তত পাঁচ বার কলকাতা হাইকোর্ট আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করেছে। পঞ্চায়েতে বিরোধীদের বহু জায়গায় মনোনয়ন জমা দিতে বাধা দেওয়া হয়েছে। তার পরেও কেউ মনোনয়ন পেশ করলে তাঁকে হুমকি দেওয়া হয়েছে, মারধর করা হয়েছে। তার পরেও কেউ ভোট লড়লে নির্বাচনের দিন বুথে অশান্তি করে ছাপ্পা দেওয়া হয়েছে। আর গণনায় বিরোধী এজেন্টদের মেরে বের করে দেওয়া হয়েছে। তৃণমূলের পঞ্চায়েতে জেতার এটাই নকশা।

## ২৭ ও ২৮ জুলাই রাজস্থান ও গুজরাত সফর প্রধানমন্ত্রীর

**নতুন দিল্লি ২৫ জুলাই ২০২৩ : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আগামী ২৭ এবং ২৮ জুলাই রাজস্থান ও গুজরাত সফর করবেন।

২৭ জুলাই সকাল ১১টা ১৫ মিনিট নাগাদ রাজস্থানের সিকর-এ বিভিন্ন উন্নয়ন প্রকল্পের শিলান্যাস ও জাতির উদ্দেশে উৎসর্গ করবেন প্রধানমন্ত্রী। দুপুর ৩টে ২৫ মিনিট নাগাদ প্রধানমন্ত্রী গুজরাতের রাজকোটে পৌঁছবেন। রাজকোট আন্তর্জাতিক বিমানবন্দরের উদ্বোধন করবেন তিনি। এরপর ৪টে ১৫ মিনিট নাগাদ রাজকোটের রেসকোর্স গ্রাউন্ডে তিনি বেশ কয়েকটি উন্নয়ন প্রকল্পের উদ্বোধন করবেন। ২৮ জুলাই ১০টা ৩০ মিনিট নাগাদ গান্ধীনগরের মহাত্মা মন্দিরে সেমিকনইন্ডিয়া ২০২৩-এর উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী।

সিকর-এ প্রধানমন্ত্রী

কৃষকদের কল্যাণে ১.২৫ লক্ষ পিএম কিষাণ সমৃদ্ধি কেন্দ্র (পিএমকেএসকে) জাতির উদ্দেশে উৎসর্গ করবেন প্রধানমন্ত্রী। এর মাধ্যমে কৃষকদের যাবতীয় প্রয়োজন মেটানো হবে। কৃষি সংক্রান্ত (সার, বীজ, রূপায়ণ) যাবতীয় তথ্য থেকে শুরু করে মাটি, বীজ ও সারের পরীক্ষা, বিভিন্ন সরকারি প্রকল্প সম্পর্কে তথ্য এর মাধ্যমে প্রদান করা হবে।

প্রধানমন্ত্রী ইউরিয়ার নতুন প্রকারের ইউরিয়া গোল্ডের সূচনা করবেন। সালফারযুক্ত এই ইউরিয়া মাটিতে সালফারের ঘাটতি মেটাবে। এই ইউরিয়া অনেক বেশি অর্থসাশ্রয়ী এবং উপযোগী। এই ইউরিয়ায় কম সার ব্যবহার করে উন্নতমানের ফসল পাওয়া যায়। এই অনুষ্ঠানে ওপেন নেটওয়ার্ক ফর ডিজিটাল কমার্স (ওএনডিসি) এর সঙ্গে ১৫০০ কৃষক উৎপাদক সংস্থাকে (এফপিও) যুক্ত করবেন প্রধানমন্ত্রী। ওএনডিসি-র মাধ্যমে এফপিও-গুলি ডিজিটাল বিপণন, অনলাইন লেনদেন, বিজনেস টু বিজনেস এবং ব্যবসায়ী-ক্রেতা লেনদেনের সুবিধা পাবে। এর ফলে গ্রামাঞ্চলের বিকাশ ত্বরান্বিত হবে। প্রধানমন্ত্রী চিতোরগড়, ঢোলপুর, সিরোহী, সিকর এবং শ্রীগঙ্গানগরে ৫টি নতুন মেডিক্যাল কলেজের উদ্বোধন করবেন। এছাড়া বারান, বুন্দি, করৌলি, ঝুনঝুনু, সোয়াই, মাধোপুর, জয়সলমীর এবং টঙ্কে আরও ৭টি মেডিক্যাল কলেজের শিলান্যাস করবেন তিনি।

৫টি নতুন মেডিকেল কলেজ তৈরিতে খরচ হয়েছে ১৪০০ কোটি টাকা। অন্যদিকে, যে ৭টি মেডিক্যাল কলেজের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হবে, সেগুলির আনুমানিক খরচ ধরা হয়েছে ২২৭৫ কোটি টাকা।

২০১৪ সাল পর্যন্ত রাজস্থানে মেডিক্যাল কলেজের সংখ্যা ছিল মাত্র ১০টি, যা এখন বেড়ে হয়েছে ৩৫টি। ১২টি নতুন মেডিক্যাল কলেজ তৈরির ফলে ডাক্তারিতে আসন সংখ্যা ২০১৩-১৪ সালের ১৯৫০ থেকে বেড়ে হবে ৬২৭৫, অর্থাৎ ২৫৮ শতাংশ বৃদ্ধি।

উদয়পুর, বনসোয়ারা, প্রতাপগড় এবং দুঙ্গারপুর জেলায় ৬টি একলব্য আদর্শ আবাসিক স্কুলেরও উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী। এর ফলে এখানকার আদিবাসী পড়ুয়ারা উপকৃত হবেন।

রাজকোটে প্রধানমন্ত্রী

রাজকোটে নতুন বিমানবন্দর তৈরির ফলে যোগাযোগ ব্যবস্থায় নতুন মাত্রা আসতে চলেছে। ২৫০০ একরের বেশি জমিতে ১৪০০ কোটি টাকার বেশি ব্যয়ে এই বিমানবন্দর তৈরি করা হয়েছে। এতে রয়েছে আধুনিক সমস্ত সুযোগ সুবিধা। এই বিমানবন্দর তৈরির ফলে রাজকোটের গাড়িশিল্পের উন্নয়ন হবে। পাশাপাশি গোটা গুজরাতের বাণিজ্য, পর্যটন, শিক্ষা এবং শিল্পক্ষেত্রে গতি আসবে।

প্রধানমন্ত্রী ৮৬০কোটি টাকার উন্নয়ন প্রকল্পের শিলান্যাস করবেন। এই প্রকল্পগুলি সৌরাষ্ট্র এলাকার সেচ ব্যবস্থাকে মজবুত করার পাশাপাশি পানীয় জলের সুবিধাও প্রদান করবে।

গান্ধীনগরে প্রধানমন্ত্রী

২৮ জুলাই গান্ধীনগরের মহাত্মা মন্দিরে সেমিকনইন্ডিয়া ২০২৩-এর সূচনা করবেন প্রধানমন্ত্রী। এই উপলক্ষে তিনি এক জনসভাতেও ভাষণ দেবেন। শিল্প, শিক্ষা এবং গবেষণার সঙ্গে যুক্ত আন্তর্জাতিক প্রতিষ্ঠানগুলিকে একমঞ্চে আনাই এর লক্ষ্য। এতে ভারতের সেমিকন্ডাক্টর নীতি ও কৌশল নিয়ে আলোচনা হবে। সেইসঙ্গে সেমিকন্ডাক্টরের নকশা, উৎপাদন এবং প্রযুক্তি উন্নয়নের হাব হিসেবে ভারতকে কীভাবে গড়ে তোলা যায়, সে ব্যাপারেও আলোচনা হবে।

## মণিপুরের জন্য মোমবাতি মিছিল কলকাতায়, নেতৃত্বে সায়নী

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** মণিপুরের ঘটনার বিরুদ্ধে রাজ্য জুড়ে প্রতিবাদ কর্মসূচি ঘোষণা করল যুব তৃণমূল। কলকাতায় সেই কর্মসূচির নেতৃত্ব দেবেন যুব তৃণমূলের সভানেত্রী সায়নী ঘোষ। তৃণমূলের তরফে জানানো হয়েছে, আগামী ২৭, ২৮ এবং ৩০ জুলাই রাজ্যের বিভিন্ন প্রান্তে মণিপুরের ঘটনার বিরুদ্ধে প্রতিবাদ মিছিলের আয়োজন করা হয়েছে।এই পরিস্থিতিতে সম্প্রতি মণিপুরের দুই মহিলাকে বিবস্ত্র করে হাঁটানোর ঘটনার একটি ভিডিয়ো সমাজমাধ্যমে ছড়িয়ে পড়ে। যাকে কেন্দ্র করে উত্তাল হয়ে উঠেছে গোটা দেশ। প্রধানমন্ত্রীও মৌখিক ভাবে ঘটনার নিন্দা করেছেন। বিরোধীরা ওই ভিডিয়োকাণ্ডের পর মণিপুরের মুখ্যমন্ত্রী এন বীরেন সিংহের পদত্যাগ দাবি করেছেন।



মণিপুরের ঘটনা নিয়ে বিরোধী দলগুলি একযোগে যখন বিজেপি সরকারের নিন্দায় সরব হয়েছেন, তখন পশ্চিমবঙ্গে তার পাল্টা হিসাবে বিজেপি তুলে ধরেছে মালদহ ইস্যু। মালদহের বামনগোলাতেও দুই মহিলাকে বিবস্ত্র করে মারধর করা হয়েছে বলে অভিযোগ। সেই ঘটনা তুলে ধরে বাংলার সরকারকে একহাত নিয়েছে বিজেপি। মালদহকাণ্ডের প্রতিবাদে বুধবার শহরে প্রতিবাদে নেমেছে বিজেপি। শ্যামবাজারে বিজেপির মহিলা মোর্চার সভাপতি ফাল্গুনী পাত্রের নেতৃত্বে বিক্ষোভ কর্মসূচির আয়োজন করা হয়েছে, যার স্লোগান আমিও বাংলার মেয়ে, আমিও বাঁচতে চাই'।আগামী ২৭ এবং ২৮ জুলাই রাজ্যের প্রতি জেলায় ব্লক ধরে ধরে জেলা যুব তৃণমূলের তরফে পথে নামবেন দলীয় নেতা-কর্মীরা। এ ছাড়া, ৩০ জুলাই কলকাতায় একটি প্রতিবাদ মিছিল বেরোবে। তার নেতৃত্বে থাকবেন সায়নী। ওই দিন যুব তৃণমূলের নেতা-কর্মীরা মোমবাতি হাতে পথে নামবেন। মিছিলের পর হবে প্রতিবাদ সভাও।

যুব তৃণমূল জানিয়েছে, বিজেপি শাসিত মণিপুরে তিন মাস ধরে যে অশান্তি চলছে তার প্রতিবাদে মিছিল হবে। উত্তর-পূর্বের ওই রাজ্যটিতে মহিলাদের উপর নিয়মিত অত্যাচার, বিজেপি সরকারের ব্যর্থতা এবং এই ঘটনায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নীরবতাকেও কাঠগড়ায় তুলেছে তৃণমূল।বুধবারেও মণিপুরকাণ্ডের প্রতিবাদে দক্ষিণ কলকাতায় মিছিল হয়েছে। মহিলা তৃণমূলের তরফে সেই মিছিল হয় গড়িয়াহাট থেকে গোলপার্ক পর্যন্ত। তার পর সেখানেই অবস্থানে বসেছিলেন দলীয় কর্মী-সমর্থকেরা। নেতৃত্বে ছিলেন চন্দ্রিমা ভট্টাচার্য। মিছিলে হেঁটেছেন বেহালা পূর্বের তৃণমূল বিধায়ক রত্না চট্টোপাধ্যায়, দক্ষিণ কলকাতার সাংসদ মালা রায়, বিধাননগরের মেয়র কৃষ্ণা চক্রবর্তী, মহিলা তৃণমূলের সাধারণ সম্পাদিকা প্রিয়দর্শিনী হাকিম প্রমুখ।মণিপুরে গত মে মাস থেকে অশান্তি চলছে। জনজাতি ছাত্র সংগঠন অল ট্রাইবাল স্টুডেন্টস ইউনিয়ন অফ মণিপুর' (এটিএসইউএম)-এর বিক্ষোভ মিছিল ঘিরে উত্তর-পূর্বের রাজ্যটিতে অশান্তির সূত্রপাত। মণিপুর হাই কোর্ট মেইতেইদের তফসিলি জনজাতির মর্যাদা দেওয়ার বিষয়টি রাজ্য সরকারকে বিবেচনা করার নির্দেশ দিয়েছিল। এর পরেই জনজাতি সংগঠনগুলি তার বিরোধিতায় পথে নামে। ধারাবাহিক হিংসায় এখনও পর্যন্ত দেড়শোর বেশি মানুষ মারা গিয়েছেন। ঘরছাড়া রয়েছেন প্রায় ৬০ হাজার। এই পরিস্থিতিতে সম্প্রতি মণিপুরের দুই মহিলাকে বিবস্ত্র করে হাঁটানোর ঘটনার একটি ভিডিয়ো সমাজমাধ্যমে ছড়িয়ে পড়ে। যাকে কেন্দ্র করে উত্তাল হয়ে উঠেছে গোটা দেশ। প্রধানমন্ত্রীও মৌখিক ভাবে ঘটনার নিন্দা করেছেন। বিরোধীরা ওই ভিডিয়োকাণ্ডের পর মণিপুরের মুখ্যমন্ত্রী এন বীরেন সিংহের পদত্যাগ দাবি করেছেন।

২ পাতার পর

## পঞ্চায়েত ভোটে অশান্তি কবে হয়নি: সুমন

দেখেননি সুমন। তিনি বলেন, “আমরা যারা ভোটে লড়াই করেছি, তারা জানি ভোট হয় না। ভোট করানো হয়। জন্ম থেকে দেখে আসছি, পঞ্চায়েতে নল (পড়ুন বন্দুকের নল) দিয়ে ভোট করানো হয়। আগেও তেমন ঘটনা ঘটত, এখনও ঘটছে।''মমতা সরকারের উন্নয়নমূলক দিকগুলি দেখিয়ে সুমন বলেছেন, “মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকারের সঙ্গে সব বিষয়ে আমি একমত না-ও হতে পারি। কিন্তু যে ভাবে এখানে হাসপাতাল, রাস্তাঘাটের সৌন্দর্যায়ন হয়েছে, তাতে বলি উনি যথেষ্ট ভাল কাজ করেছেন। আমাদের রাজ্যে এখন মমতা ও অ-মমতা মেরুকরণ হয়ে গিয়েছে। আমি মহাশ্বেতা দেবীকে উদ্ধৃত করে বলি, মমতার বুকে মাথা রেখে কাঁদা যায়'।”

লেখক আবুল বাশারের মতে, সমাজের নিম্ন শ্রেণিকে সুরক্ষা দিয়েছেন মমতা। তাঁর কথায়, “মমতার বিশেষত্ব, তিনি নিম্ন শ্রেণিকে নিরাপদে রেখেছেন। তাঁদের নিরাপত্তা ও সুরক্ষা দিয়েছেন। মমতা যে কর্মযজ্ঞে নেমেছেন, তাতে বিঘ্ন ঘটাবেন না। দরিদ্র পরিবার থেকে উঠে আসা দরিদ্রতম মুখ্যমন্ত্রীকে কাজ করতে দিন।”

শিল্পী যোগেন জানিয়েছেন, নিউটাউনে শিল্পকলা সংগ্রহের মিউজিয়াম করার জন্য ১০ একর জমি দিয়েছেন মমতা। স্বাধীনতার পর থেকে এমন দানের নজির আর নেই বলে দাবি তাঁর।

ভারতের সর্বাধিক বাংলা দৈনিক ই পেপার
সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
২ বর্ষ ২০৬ সংখ্যা ২৭ জুলাই, ২০২৩ বৃহস্পতিবার ১০ শ্রাবণ, ১৪৩০

## সম্পাদকীয়

# পঞ্চায়েতে বিজয়ী প্রার্থীদের ভাগ্য নির্ধারণ হবে ১৭ অগস্ট

পঞ্চায়েত ভোটে বেলাগাম হিংসা, ভোট-সন্ত্রাস, কারচুপি নিয়ে কলকাতা হাইকোর্টে আগেই দায়ের হয়েছিল একাধিক মামলা। তার জেরে বিজয়ীদের ভাগ্য নির্ধারণে চূড়ান্ত পদক্ষেপ আদালত গ্রহণ করবে বলে আগেই জানিয়েছিল প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চ। বুধবার এই সংক্রান্ত মামলাতেই প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চ জানিয়ে দিল, পঞ্চায়েতে বিজয়ী প্রার্থীদের ভবিষ্যত নির্ধারণ হবে আগামী ১৭ অগস্ট।অন্যদিকে পঞ্চায়েত নির্বাচন নিয়ে আদালতে কমিশনের বিরুদ্ধে বিরোধী দলনেতার আনা যাবতীয় অভিযোগ এদিন উড়িয়ে দিয়েছে রাজ্য নির্বাচন কমিশন। কমিশনের দাবি, মোট ৮২২ কোম্পানী বাহিনীর মধ্যে ভোটের দিন তাঁরা হাতে পেয়েছিলেন ৬৩৭ কোম্পানী বাহিনী। পুরো বাহিনীকেই ভোটের কাজে বুথে মোতায়েন করা হয়েছিল বলেও এদিন কমিশনের তরফে দাবি করা হয়েছে।

ভোটে বেলাগাম হিংসার জেরে গুচ্ছ গুচ্ছ মামলা দায়ের হয়েছিল কলকাতা হাইকোর্টে। ভোটের দিনে বুথ জ্যাম থেকে শুরু করে ব্যালট বাক্স নিয়ে পালানোর মতো গুরুতর অভিযোগও সামনে এসেছিল। যার ভিত্তিতে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম বলেছিলেন, জয়ী প্রার্থী-সহ সবাইকে এটা মনে রাখতে হবে যে, এই মামলার ভবিষ্যতের ওপরে তাদের ভাগ্য নির্ভর করবে।রাজ্যের বিরুদ্ধে ভোটের সময় অসহযোগিতার অভিযোগ এনে এদিন হাইকোর্টের প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চে ১২০০ পাতার রিপোর্ট জমা দিয়েছেন বিএসএফের আইজি। অন্যদিকে ভোটকে কেন্দ্র করে কমিশনের কাছে যে একাধিক অভিযোগ জমা পড়েছিল সেই সমস্ত অভিযোগগুলো এবার খতিয়ে দেখতে চান প্রধান বিচারপতি।

সমস্ত মূল নথি আদালতে পেশ করার নির্দেশ দিয়েছেন প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চ। ওই সব অভিযোগ খতিয়ে দেখার পরই বিজয়ী প্রার্থীদের ভাগ্য নির্ধারণে চূড়ান্ত পদক্ষেপ গ্রহণ করা হবে বলে জানিয়েছে আদালত। একই সঙ্গে মামলার শুনানিতে বিচারপতির পর্যবেক্ষণ, রাজ্যে পঞ্চায়েত নির্বাচনে যে প্রাণগুলি চলে গেছে সেগুলি কোনওভাবেই ফেরানো সম্ভব নয়।


## কয়লা পরিবহণের জন্য তৈরি হচ্ছে
# ১৩টি রেলপথ, জানালেন মন্ত্রী

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কেন্দ্রীয় কয়লা মন্ত্রী প্রহ্লাদ যোশী জানিয়েছেন, কয়লা পরিবহণের শক্তিবৃদ্ধির জন্য নতুন করে ১৩টি রেললাইন তৈরি করা হচ্ছে। লিখিত জবাবে তিনি জানিয়েছেন, কয়লা মন্ত্রক রেল মন্ত্রকের সঙ্গে সমণ্বয় রেখে কয়লা পরিবহণের সুযোগ বৃদ্ধি করার চেষ্টা করছে। বর্তমানে ১৩টি রেলপথ রেলমন্ত্রকের সঙ্গে সমণ্বয় রেখে তৈরি করা হচ্ছে।এদিকে শক্তিসম্পদের অন্যতম বড় উতস হল এই কয়লা। কয়লা উত্তোলন করা থেকে তা দেশের বিভিন্ন জায়গায় পৌঁছে দেওয়া এটা বড় উদ্যোগ। অত্যন্ত কষ্টসাধয় এই প্রচেষ্টা। মাটির গভীর থেকে তুলে নিয়ে আসা কয়লা। দেশের একাধিক তাপবিদ্যুতেকন্দ্রে চলে যায় এই কয়লা। তবে কয়লা পাচারকে ঘিরে নানা ধরনের দুর্নীতির খবরও সামনে আসে মাঝেমধেয়। তবে এবার কয়লা পরিবহণের জন্য আধুনিক উদ্যোগ নিচ্ছে মন্ত্রক।এই রেলপথের নির্মাণকাজ বিভিন্ন পর্যায়ে রয়েছে।

এদিকে পিএম গতি শক্তির সঙ্গে সামঞ্জস্য রেখে কয়লামন্ত্রক ৬৭টি ফার্স্ট মাইল কানেকটিভিটি প্রজেক্ট হাতে নিয়েছে। সব মিলিয়ে কয়লা উত্তোলন ও পরিবহণের ক্ষেত্রে আরও আধুনিক ব্যবস্থা করা হচ্ছে। তিনটি পর্যায়ে মন্ত্রক এক বিলিয়ন টন কয়লা উত্তোলন ও পরিবহণের টার্গেট নিয়েছে। এই প্রকল্পে সফল হওয়ার জন্য সব মিলিয়ে প্রায় ২৬,০০০ কোটি রেল প্রকল্পের জন্য বরাদ্দ করা হয়েছে।

এই প্রকল্পে যাতে কোনও সমস্যা না হয় সেকারণে সব পক্ষকে নিয়ে কমিটিও তৈরি হয়েছে। সেখানে রেলমন্ত্রক, শক্তি মন্ত্রক, কয়লা মন্ত্রক, রাজ্য সরকারের বিভিন্ন দফতরের লোকজন রয়েছেন। মূলত পরস্পরের সঙ্গে সমণ্বয় রেখে এই কাজে সফলতা আনার চেষ্টা করা হচ্ছে।

## পৃথিবীর সৃষ্টির মূলে দেবাদিদেব মহাদেব



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

তিনি এই ব্রম্ভান্ডের সর্বত্র বিরাজমান ছিল, তেমনই বহু তথ্য উঠে এসেছে আমার অনুসন্ধান বা গবেষণাতেই। ইচ্ছা শক্তির বিরুদ্ধে গিয়ে, হয়তো অনেকেই অনেক কিছু করতে বাধ্য হয়েছে । কিন্তু ইচ্ছাশক্তির মানুষের বড় করার মহৌষধি।

**ক্রমশঃ**

## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# মায়ের আশীর্বাদ অসীম সাধারণ মানুষ তার প্রমাণ পায় তারাপীঠে



**মৃত্যুঞ্জয় সরদার**
**(শেষ পর্ব)**



মন্দির-সংলগ্ন শ্মশানক্ষেত্রের জন্য বিখ্যাত। হিন্দু বিশ্বাস অনুযায়ী এই মন্দির ও শ্মশান একটি পবিত্র তীর্থক্ষেত্র। এই মন্দির ৫১ সতীপীঠের অন্যতম বলে কথিত। এই স্থানটির নামও এখানকার ঐতিহ্যবাহী তারা আরাধনার সঙ্গে যুক্ত। তবে শক্তিরঙ্গ বঙ্গভূমে অন্যতম প্রধান শাক্তপীঠ তারাপীঠ। ঠিক কবে এই পীঠস্থান আবিস্কৃত হয়, তা যেমন সঠিক জানা যায় না। তেমনই সুস্পষ্ট নয় তারাদেবীর কাল্ট সংক্রান্ত খুঁটিনাটি। অতিপ্রাচীন দেবীশিলা মা উগ্রতারা, বশিষ্ঠদেবের পরম্পরা, সর্বোপরি দিব্যপুরুষ বামাচরণ চট্টোপাধ্যায় বা বামাক্ষ্যাপাকে ঘিরে চলিত রয়েছে অসংখ্য কিংবদন্তি। বীরভূমের প্রধানতম তীর্থ তারাপীঠ আজ আন্তর্জাতিক কৌতূহলের কেন্দ্রভূমি। রহস্যের পরে রহস্য আবৃত রেখেছে এই শক্তিপীঠকে।

কেন এখানকার দেবী নাম তারা হল, তাই নিয়েও আছে পুরাণের এক কাহিনি। সমুদ্র মন্থনে ওঠা বিষ পান করে শিব হয়ে উঠলেন নীলকণ্ঠ। বিষে জর্জরিত তিনি। সেই যন্ত্রণা থেকে কীভাবে শিব মুক্তি পাবেন। সব দেবতা 'দেবী তারার' কাছে গিয়ে বললেন, শিবকে গরলমুক্ত করতে। 'দেবী তারা' তখন শিবকে আপন সন্তানের মতো কোলে নিয়ে আপন স্তন্য থেকে অমৃত পান করাতে লাগলেন। সেই অমৃত পান করে শিবের বিষজ্বালা দূর হল। সেই থেকে দেবীর নাম হল তারিণী। তিনি শিবকে তারণ করেছেন। এই বিশ্বকেও তিনি তারণ করেন। সেই তারিণী থেকেই তারা নামের সৃষ্টি।সেই কারণে বিখ্যাত বীরভূমের এই পিঠস্থান তার নাম হয়েছে তারাপীঠ। তারাপীঠের মন্দিরের দু'শো বছর পূর্ণ হল। সুতরাং দেখা যাচ্ছে, কথাটা আংশিক সত্য। কেননা তারাপীঠের মন্দিরের ইতিহাসকে দুশো বছরের মধ্যে আটকানো যায় না। তার ইতিহাস প্রাচীন, আবছায়া, অস্পষ্ট এক অতীতের মধ্যে মিশে আছে। একদিকে পুরাণ আর একদিকে ইতিহাস। একদিকে লোককথা, অন্যদিকে দলিল। সব মিলেই তারাপীঠের মন্দির এবং তারামায়ের কাহিনী একাকার হয়ে গিয়েছে। ইতিহাসকার শুধু প্রমাণ খুঁজতে গেলে অতীতের আবছায়া কাহিনীগুলোকে অস্বীকার করতে হয়। কিন্তু তা সম্ভব নয়। যুগ যুগ ধরে ভক্তপ্রাণ বাঙালি হৃদয় সেসব আত্মসাৎ করে বসে আছে। তাই আপাতভাবে মন্দিরের দু'শো বছর কথাটা আংশিক সত্য। ইতিহাসকার থাকুন ইতিহাস নিয়ে, ভক্ত থাকুন তাঁর আপন বিশ্বাসে। এই বিশ্বাসের উপরে অবলম্বন করেই মা ইচ্ছায় এই মন্দিরটি তৈরি হয় তারাপীঠ।

এভাবেই তারাপীঠে প্রথম মন্দির নির্মাণ হয়। শুরু হয় মায়ের ভোগরাগ। কিন্তু তার আগে থেকেই এই স্থান তারামায়ের বিরাজক্ষেত্র। পুরাণেও এই স্থানের বর্ণনা মেলে। এখানকার সিদ্ধ শ্মশানে বহু সাধুসন্ত সিদ্ধিলাভ করেছেন। পুরাণের সেই দক্ষযজ্ঞের কাহিনী আমরা জানি। পতিনিন্দা সহ্য করতে না পেরে দক্ষের যজ্ঞাগারে আত্মাহুতি দেন সতী। সেকথা শুনে শিব সতীর দেহ নিয়ে সবকিছু লণ্ডভণ্ড করতে শুরু করেন। শিবকে থামাতে বিষ্ণু তাঁর চক্র দিয়ে সতীর দেহ খণ্ডবিখণ্ড করেন। সেই দেহখণ্ডগুলি বিভিন্ন জায়গায় ছড়িয়ে পড়ে এবং সেখানে এক একটি সতীপীঠ গড়ে ওঠে। সতীর ঊর্ধ্ব নয়নতারা বা প্রজ্ঞানয়ন পড়েছিল তারাপীঠের সেই শ্বেতশিমূল গাছের নীচে। পুরাণের কাহিনী থেকে আরও জানা যায়, সতীহারা শিব দেবীকে কামনা করে এখানে এসে সাধনা করেন। তিন লক্ষ জপ করেছিলেন। তাঁর সাধনায় তুষ্ট হয়ে তারা বলেছিলেন, তিনি আবার উমারূপে তাঁর কাছে স্ত্রী রূপে যাবেন। আরও জানা যায়, মহামুনি বশিষ্ঠ বিষ্ণুর দ্বারা আদিষ্ট হয়ে এখানে এসে সাধনা করেছিলেন। সেই শ্বেতশিমুল, গাছের নীচে বসে তিনিও তিন লক্ষ তারা জপ করেছিলেন। তিনি সাধনলাভ করেছিলেন আশ্বিন মাসের কোজাগরী শুক্লা চতুর্দশীতে। আরও আশ্চর্যের ঘটনা হল, জয়দত্ত মন্দির প্রতিষ্ঠা করে প্রথম যেদিন দেবীর পুজো করেছিলেন, সেদিনটাও ছিল কোজাগরী শুক্লা চতুর্দশী। আজও এই বিশেষ দিনে তারামায়ের পুজো ধুমধাম করে হয়।আমার গবেষণায় এক চাঞ্চল্যকর তথ্য উঠে এসেছে তারা মায়ের মন্দির কে নিয়ে।রাণ থেকে মধ্যযুগ হয়ে ফেরা যাক আধুনিক বাস্তবের ইতিহাসে। জয়দত্তের তৈরি করা মন্দির একদিন ক্রমেই জীর্ণরূপ ধারণ করল। তখন সেই মন্দিরকে নতুনভাবে নির্মাণ করতে এগিয়ে এলেন বীরভূমের এড়োল গ্রামের রামজীবন রায়চৌধুরী। সেটি হল তারাপীঠের মন্দিরের দ্বিতীয় নির্মাণ। সেটা ছিল আনুমানিক ১৭৪৩ খ্রিস্টাব্দ। রামজীবন ছিলেন তারাপীঠের এলাকা ওই পুরো এলাকার পত্তনিদার। তারাপীঠের মন্দিরের ভগ্নদশা দেখে ভক্ত রামজীবনের মন খারাপ হয়ে যায়। কিন্তু মন্দির সংস্কারের মতো অর্থ তাঁর ছিল না। তাই প্রজাদের কাছ থেকে তোলা খাজনার টাকায় তিনি আবার নতুন করে মন্দির গড়ে দিলেন। এর ফলে তিনি খাজনার টাকা তৎকালীন বাংলার নবাব আলিবর্দি খাঁকে দিতে পারলেন না। এর বিচার করার জন্য তাঁকে পেয়াদারা মুর্শিদাবাদে ধরে নিয়ে যায়। তিনি বলেন, খাজনার টাকা দিয়ে তিনি তারামায়ের মন্দির নির্মাণ করেছেন। কোনওরকম তছরুপ তিনি করেননি। নবাব একথার সত্যতা বিচারের জন্য লোক পাঠালেন। তাঁরা ফিরে এসে নবাবকে জানালেন, রামজীবন সত্য কথাই বলেছেন। তাঁর সত্যবাদিতায় খুশি হয়ে নবাব সব খাজনা মকুব করে রামজীবনকে রেহাই দিলেন। অন্যদিকে প্রায় আজ থেকে দুশো দুই বছর আগেকার ইতিহাস কি বলছে সেটি আমাদের অনেকেরই জানা, অনেকের অজানা। তবে এমন তথ্য উঠে এসেছে সে প্রসঙ্গে এই লেখাতেই উল্লেখ করছি।মন্দিরের সেই ভগ্নদশা দেখে কেঁদে ফেলেছিলেন জগন্নাথ রায়ও। তিনি ছিলেন মল্লারপুরের জমিদার। মায়ের মন্দিরের সামনে দাঁড়িয়ে মানত করেছিলেন, 'মাগো আমার মনোবাঞ্ছা পূর্ণ হলে তোমার নতুন মন্দির গড়ে দেব মা।' তারামা তাঁর মনোবাঞ্ছা পূর্ণ করেছিলেন। তারপরই জগন্নাথ রায় তারামায়ের মন্দির সংস্কার করে দেন। সেটা ১৮১৮ খ্রিস্টাব্দের ১৫ এপ্রিল। মন্দির নির্মাণের পাশাপাশি নতুন করে তৈরি করলেন চন্দ্রচূড় শিবের মন্দির, মায়ের বিরামখানা, ভোগঘর, ভাণ্ডারঘর প্রভৃতি।মায়ের অবতার ও মায়ের মহিমা আজ থেকে প্রায় আটশো বছর আগেকার ইতিহাস জ্বলন্ত উদাহরণ আমাদের কাছে। মা তারা যে সেখানে ছিল ,আজও আছে ,সারা বিশ্বে তার মহিমা ছড়িয়ে গেছে। আজ বিশ্বব্যাপী কাছে তারাপীঠ একটি পীঠস্থান হিসাবে আমরা দেখি ,সবই মায়ের মহিমা।তারাপীঠের বর্তমান মন্দির মল্লারপুরের জমিদার স্থাপন করলেনও গল্পের শুরু জয়দত্ত সদাগরের কথা হতে। আজও মুখে মুখে চলে আসছে তাঁর কাহিনী। আজ থেকে প্রায় আটশো বছর আগের ঘটনা। তিনি ছিলেন বীরভূমের রত্নাগড় নিবাসী। একবার তিনি বাণিজ্যে প্রভূত সম্পদ, অর্থ লাভ করে বাড়ি ফিরছিলেন। চলার পথে অসুস্থতায় মৃত্যু হল তাঁর প্রাণাধিক পুত্রের। বাড়ি ফিরেই ছেলের অন্ত্যেষ্টি করবেন স্থির করে তিনি মাঝিদের বললেন, পুত্রের দেহটাকে ভালো করে ঘি মাখিয়ে রাখতে। তাতে পচন ধরবে না। এদিকে সন্ধ্যা নেমেছে। রাত্রিটা তাই পথেই বিশ্রাম নিতে হবে। চলতে চলতে থামলেন এক বিশাল জঙ্গলের পাশে। স্থানটির নাম চণ্ডীপুর।

রাতে ঘুম নেই জয়দত্তের। মৃত ছেলের দেহ আঁকড়ে রাত জাগছেন তিনি। সেই সময় তারামা এক কুমারী মেয়ের রূপ ধরে নৌকার কাছে এসে দাঁড়ালেন। তাঁর কালো রূপে যেন আলো ছিটকে পড়ছে। রাত্তির আকাশজুড়ে অপূর্ব এক জ্যোতি। অপূর্ব সুন্দরী সেই মেয়েটি জয়দত্তকে জিজ্ঞাসা করলেন,'ও বাছা, এত নৌকা ভরে কী নিয়ে চলেছো গো?' পুত্রশোকে জয়দত্তের মন ভারাক্রান্ত ছিল। তাই তিনি রাগত স্বরে মেয়েটিকে বললেন, 'ছাই আছে'। সে কথা শুনে মেয়েটি 'আচ্ছা' বলে চলে গেলেন। কিছুক্ষণ পরে জয়দত্ত দেখলেন তাঁর নৌকার সব বাণিজ্যসামগ্রী, অর্থ ছাইতে পরিণত হয়েছে। পরদিন সকালে মাঝিরা রান্নায় বসল। খেয়েদেয়ে নৌকা নিয়ে যাত্রা করতে হবে। কাটা শোল মাছ কাছেই এক কুণ্ডের জলে ধুতে গেল তারা। কী আশ্চর্য! জলের স্পর্শ পেয়ে মাছটি জ্যান্ত হয়ে সাঁতরে চলে গেল। মাঝিরা দৌড়ে এসে জয়দত্তকে সব কথা জানাল। জয়দত্তের মনে পড়ল আগের রাতের কথা। সেই মেয়েটির কথা। তখন পুত্রশোকে কাতর হয়ে বারবার তিনি বলতে লাগলেন,' মাগো দেখা দে। কে তুই মাগো আমাকে এমন পরীক্ষা করে গেলি। আমাকে ক্ষমা কর মা। আমার সন্তানকে বাঁচিয়ে দে।সেদিন রাতেই স্বপ্নের মধ্যে ফিরে এলেন সেই মেয়েটি। তাঁকে দেখে জয়দত্ত বললেন, 'পুত্র মলো ধন ছাই কিসের লাগিয়া।' কুমারী মেয়ে রূপী তারা মা তাঁকে বললেন, 'ভবানী বলেন সাধু না হও কাতর /প্রাতে উঠি পাবে ধন নৌকার ভিতর।' সেই সঙ্গে তারা মা তাঁকে বললেন, কুণ্ডের জল ছেলের গায়ে ছড়ালেই সে বেঁচে উঠবে। সকালে জয়দত্ত তাঁর হারানো সম্পদ ফিরে পেলেন এবং বশিষ্ঠকুণ্ডের জল ছেলের গায়ে ছেটাতেই ছেলে 'তারা তারা' বলে বেঁচে উঠল। ছেলের মুখে তারা নাম শুনে বিস্মিত জয়দত্ত বুঝতে পারলেন দেবী তারার অলৌকিক কৃপার কথা। পুত্রকে ফিরে পাওয়ার আনন্দে তিনি সারাদিন বসে তারা মায়ের জপ করতে লাগলেন। রাতে আবার দেবী তাঁকে স্বপ্নে দর্শন দিলেন। তাঁকে আদেশ করে বললেন, 'এই জঙ্গলের মধ্যে একটা শ্বেতশিমুল গাছের নীচে একটা শিলাবিগ্রহ রয়েছে। সেই বিগ্রহ একটা মন্দিরে প্রতিষ্ঠা করে তার পুজোর ব্যবস্থা করবি। আমি হলাম উগ্রতারা। জঙ্গলের মধ্যে শ্মশানে আমার বাস।' পরদিন সকালে লোকজন নিয়ে সেই বিশাল জঙ্গলে খুঁজে খুঁজে শ্বেতশিমুল গাছের নীচ থেকে শিলাবিগ্রহ আবিষ্কার করলেন জয়দত্ত। কাছেই পেলেন চন্দ্রচূড় শিবের মূর্তি। বশিষ্ঠকুণ্ড বা জীবিতকুণ্ডের সামনে তাড়াতাড়ি মন্দির নির্মাণ করে সেই শিলামূর্তি ও চন্দ্রচূড় শিবের মূর্তি প্রতিষ্ঠা করলেন তিনি। শুধু তো মন্দির প্রতিষ্ঠা করলেই হবে না। তার নিত্যপূজাও দরকার। তাই জয়দত্ত কাছেই মহুলা গ্রামের এক ব্রাহ্মণকে নিত্যপূজার দায়িত্ব দিয়ে বিদায় নেন।তবে বিজ্ঞান গবেষণার উদ্দেশ্য মায়ের মহিমা বিরাজমান, সেটি আমরা নিজে চোখে দেখে আসতে পারি তারাপীঠে গিয়ে ও।তারাপীঠের মহাশ্মশানের দ্বিতীয় রহস্য লুকিয়ে আছে শ্মশান-সংলগ্ন দ্বারকা নদীর জলে। এই নদী উত্তরবাহিনী। অর্থাৎ এর স্রোত বইছে উত্তর দিকে। হিন্দু ধর্মে উত্তরবাহিনী নদী বিশেষ গুরুত্বপূর্ণ। কেন না, ভারতের প্রায় সব নদীই নেমেছে উত্তর দিকে স্থিত হিমালয় থেকে। অতএব, তাদের ধারা কখনই উত্তর অভিমুখী হবে না। হলে তা বইবে উল্টো খাতে। একমাত্র কাশীতে গঙ্গা উত্তরবাহিনী। আর বীরভূমে দ্বারকা। তাই দ্বারকা নদী মহাশক্তির উৎস। এই নদীজলে স্নান করলেই সিদ্ধিলাভের যোগ্যতা অর্জন করেন মানুষ। দূর হয় সব পাপ।

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

# সিনেমার খবর

## আলিয়া জায়গা ছাড়তে নারাজ, এবার আসছেন গোয়েন্দা হয়ে



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** এই মুহূর্তে বলিউডের অন্যতম জনপ্রিয় ও সফল অভিনেত্রী আলিয়া ভাট। করণ জোহর তো বটেই, সঞ্জয় লীলা ভানসালি, ইমতিয়াজ আলী, অয়ন মুখোপাধ্যায়, জয়া আখতারের মতো নির্মাতাদেরও পছন্দের তালিকায় উপরের দিকে নাম তার।

বলিউডে এক দশক পার করে সম্প্রতি হলিউডে পা রেখেছেন আলিয়া। আগামী অগস্টে মুক্তি পাবে তার প্রথম হলিউড ছবি 'হার্ট অফ স্টোন'। হলিউডে আত্মপ্রকাশ করলেও বলিউডে নিজের জায়গা ছাড়তে নারাজ আলিয়া। নিজের দেশের কাজ চালিয়ে যাচ্ছেন সমানতালে।

আগামী সপ্তাহে মুক্তি পেতে চলেছে 'রকি অউর রানী কি প্রেম কাহানি'। এই ছবি মুক্তি পাওয়ার আগেই এল পরের ছবির খবর। এবার গোয়েন্দাভিত্তিক ও রহস্য-রোমাঞ্চধর্মী ছবিতে দেখা যাবে তাকে। পরবর্তী ছবিতে নামজাদা পরিচালক বাসন বালার সঙ্গে জুটি বাঁধতে চলেছেন তিনি। ছবির প্রযোজনার দায়িত্বে থাকছেন করণ জোহর ও তার সংস্থা ধর্ম প্রোডাকশন্স।

মূলত, করণের হাত ধরেই বলিউডে অভিষেক আলিয়ার। পরে তারা একসঙ্গে একাধিক কাজ করেছেন। 'রকি অউর রানি কি প্রেম কাহানি' ছবিতেও মুখ্য চরিত্রে রয়েছেন আলিয়াই। ওই ছবিতে রণবীর সিংহের বিপরীতে দেখা যেতে চলেছে তাকে। আগামী ২৮ জুলাই মুক্তি পেতে চলেছে এই ছবি।

এতে আরও অভনয় করেছেন ধর্মেন্দ্র, শাবানা আজমি, জয়া বচ্চন, চূর্ণী গঙ্গোপাধ্যায় ও টোটা রায় চৌধুরী।

## কেন বিয়ে করছেন না রাইমা সেন, নিজেই জানালেন অভিনেত্রী



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** টলিউড থেকে বলিউড, বড়পর্দা থেকে ওটিটি, সর্বত্রই তার সমান যাতায়াত। সব মিলিয়ে প্রায় ৮০-র বেশি ছবিতে অভিনয় করে ফেলেছেন রাইমা সেন। তবে ব্যক্তিগত জীবন নিয়ে বিশেষ কথা বলতে শোনা যায় না অভিনেত্রীকে।

এবার মুখ খুললেন তিনি? কবে বিয়ে করবেন রাইমা? প্রায়শই এই প্রশ্নের মুখোমুখি হতে হয় তাকে। এবার সরাসরি জানিয়ে দিলেন তার সিদ্ধান্ত।

সম্প্রতি এক সাংবাদিক সম্মেলনে রাইমা সেন জানালেন তার বিয়ের পরিকল্পনা।



বিয়ে নিয়ে কী ভাবছেন তিনি? মিডিয়ার স্পটলাইট থেকে দূরে রয়েছে তার ব্যক্তিগত জীবন, এই বিষয়ে তিনি খুশি। অন্যদিকে তিনি বিরক্ত যে বারবার তার প্রেম, সম্পর্ক নিয়ে তাকে প্রশ্ন করা হয়। রাইমা সাফ জানিয়ে দিলেন যে, তার জীবনে বিয়েটাই সবচেয়ে গুরুত্বপূর্ণ নয়।


রাইমার মতে, বিয়ে কখনই জীবনের এমন কোনো চ্যাপ্টার নয়, যা তাকে পরিপূর্ণ করে। অনেকেই বিয়েকে জীবনের শেষ মনে করে, যা অভিনেত্রীর কাজে খুবই বিভ্রান্তিকর। রাইমা বলেন যে অনেকেই ভাবেন তিনি বিয়ে করেননি বলে বোধ হয় তিনি অসুখী। তবে তিনি সাফ জানিয়ে দেন যে তিনি তার জীবনে খুবই সুখে ও শান্তিতে আছেন। তার জীবনে তিনি যা ইচ্ছে করতে পারেন, যেখানে ইচ্ছা ঘুরতে পারেন, তার বাবা-মা ছাড়া কাউকে জবাবদিহি করতে হয় না।

রাইমা জানান, আপাতত তিনি তার কাজ নিয়েই ব্যস্ত। বিয়ে করার আগে তিনি সঠিক জীবনসঙ্গীর অপেক্ষায় রয়েছেন। সঠিক মানুষ ও সঠিক সময় এলেই বিয়ে হবে। সেই সময় আসা অবধি বিয়ের কোনো তাড়াই অনুভব করেন না অভিনেত্রী। তিনি বলেন, যদি কারোর প্রতি তার অটুট ভালোবাসা তৈরি হয়, তাহলেই তিনি বিয়ের সিদ্ধান্ত নেবেন।

তিনি আরও বলেন, বিয়ে তার কাছে সামাজিক নিয়ম নয়, তিনি মনের কথাই শুনবেন। সমাজের কথা ভেবে বা সমাজের চাপে অনেকেই বিয়ের সিদ্ধান্ত নেন। অনেকেই ভাবে বিয়ে না করলে হয়তো সে সমাজে তার সম্মান হারাবে। রাইমার মতে, অভিজ্ঞতার সঙ্গে সঙ্গে তিনি বুঝেছেন তার জীবন সম্পর্কে অন্য লোকের মতামতের বিশেষ গুরুত্ব নেই। প্রত্যেকের অধিকার আছে এই সিদ্ধান্ত নেওয়ার যে সে বিয়ে করবে কি না।

## সিনেমার জন্য প্রসেনজিৎ-শ্রাবন্তীকে ভাষা শেখাবেন মিথিলা







**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** সিনেমা নির্মাণের ক্ষেত্রে পরিচালক, অভিনয়শিল্পী, লোকেশনসহ অন্যান্য বিষয় যেমন গুরুত্বপূর্ণ তেমনি সিনেমায় ভাষার গুরুত্বটাও অনেক। বিশেষ করে আঞ্চলিক ভাষার সিনেমায় তো কথাই নেই। তাই 'দেবী চৌধুরানী' সিনেমার ভাষার দিকে বেশ নজর দিয়েছেন টালিউড নির্মাতা শুভ্রজিৎ মিত্র।

'দেবী চৌধুরানী' সিনেমায় ভবানী পাঠকের চরিত্রে প্রসেনজিৎ আর দেবী চৌধুরানীর ভূমিকায় অভিনয় করতে যাচ্ছেন শ্রাবন্তী। সবচেয়ে বড় বিষয় হল সিনেমাটির সংলাপ প্রশিক্ষক হিসেবে যুক্ত হয়ছেন দুই বাংলার অভিনেত্রী রাফিয়াত রশিদ মিথিলা। খবরটি গণমাধ্যমকে নিশ্চিৎ করেছেন মিথিলা নিজেই। তিনি জানান, 'দেবী চৌধুরানী' অনেক বড় প্রজেক্ট। টালিউডের না বলে এটা ইন্টারন্যাশনাল প্রজেক্টও বলা যায়। কারণ, বাংলা ছাড়াও ছবিটি আরও ছয়টি ভাষায় নির্মিত হবে।

মিথিলা বলেন, 'এই ছবিটার মূল পটভূমি হল ব্রিটিশ বিরোধী আন্দোলন। যেটা শুরু হয় বাংলাদেশের রংপুর থেকে। এরপর সেটা গোটা বাংলায় ছড়িয়ে পড়ে। সেই সুবাদে সিনেমার বেশ কিছু চরিত্র বাংলাদেশের আঞ্চলিক টোনে কথা বলবে। সেই চরিত্রগুলোর জন্য সংলাপ লেখা এবং শিল্পীদের উচ্চারণ অনুশীলন করানোই আমার মূল কাজ। এখন চিত্রনাট্য লেখা চলছে, আমি ইনপুট দিচ্ছি ভয়েস ক্লিপ দিয়ে। অক্টোবর নাগাদ সরাসরি ওয়ার্কশপ করবো।'

নির্মাতার ভাষ্য, প্রায় তিনশ' বছর আগের পটভূমিতে তৈরি একটা ছবিতে সেই সময়ের শরীরী ভাষা বা কথ্যভাষা একেবারেই আলাদা হওয়ার কথা। সেই সময়ের হাঁটাচলা বা কথাবার্তা বলার ধরণ এখনকার মতো হবে না। সেজন্যই বিষয়টি নিয়ে বেশ সিরিয়াস। সিনেমায় একেবারে প্রাচীন ভাষা তুলে আনলে সেটা সিনেম্যাটিক হবে না। সেজন্য পূর্ববঙ্গীয় ভাষা সংক্রান্ত ওয়ার্কশপ করাচ্ছেন মিথিলা (রাফিয়াত রশিদ) এবং অন্যান্য তালিম দিচ্ছেন সোহাগ সেন।'

নির্মাতা শুভ্রজিৎ জানান, 'বৃষ্টি শেষ হলেই আমরা শুট শুরু করবো। কারণ সেট বানিয়ে লম্বা সময় নিয়ে আমাদের শুটিং চলবে। আড়াই মাস ধরে শুটিংয়ের পরিকল্পনা রয়েছে। ২০২৪-এর শরৎকালে ছবিটা মুক্তি পাবে বলে আমাদের ধারণা।'

## অডিশনেই বাদ পড়েছিলেন কিয়ারা!



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** 'কিয়ারা আদভানি অভিনয় জানেন না'- এ কথা হয়তো এখন কেউ মানতেই চাইবেন না। কারণ, স্বল্প সময়ের ক্যারিয়ারে সফল কিছু ছবিতে এরই মধ্যে একের পর এক অভিনয় করে মনোযোগ কেড়েছেন তিনি।

শুধু গ্ল্যামার নয়, অভিনেত্রী হিসেবে কুড়িয়েছেন অগণিত দর্শকের প্রশংসা। যার সুবাদে কিয়ারার শুটিং শিডিউলের খাতাও ভারী হয়ে গেছে। তাই এই অভিনেত্রী সম্পর্কে যখন কেউ শুনবেন যে তিনি অভিনয়ের অডিশন দিতে গিয়ে ফেল করেছেন, তা অবাক হওয়ারই কথা। কিন্তু অবাক হলেও এটাই সত্যি যে বাস্তবে কিয়ারার ক্ষেত্রে সেটিই হয়েছে। সেই কথা নিজ মুখে স্বীকারও করেছেন কিয়ারা। ভারতীয় সংবাদমাধ্যমে অকপটে নিজের সত্যিটা তুলে ধরেছেন এই বলিউড তারকা।

বলেছেন, কয়েক বছর আগে আমি 'লাল সিং চাড্ডা' ছবির জন্য অডিশন দিয়েছিলাম। তখনও ছবির নাম চূড়ান্ত হয়নি। আমির খানের ছবি বলেই অন্য রকম আকর্ষণ ছিল। কিন্তু অনেক আশা নিয়ে ছবির অডিশনে গেলেও হতাশ হয়ে ফিরে আসতে হয়েছে। কারণ, অডিশনে অভিনয় এতটাই খারাপ হয়েছিল যে ফেল করা শিল্পীদের তালিকায় আমাকে রাখা হয়েছিল। এই ব্যর্থতার কথা সব সময় ভুলে যেতে চেয়েছি। তবে মাঝেমধ্যে মনে নয়, বিষয়টি ভুলতে না পারা একদিক থেকে ভালোই হয়েছে। সেদিন ফেল করেছিলাম বলেই হয়তো অভিনয়ে আরও সিরিয়াস হতে পেরেছি। শিখেছি বিভিন্ন চরিত্রের সঙ্গে মিশে গিয়ে দর্শক মনোযোগ কেড়ে নেওয়া।

ম্যানসিটি ছাড়ছেন

# মাহরেজ, বিকল্প ভাবনায় রাফিনহা



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** সৌদি আরবের প্রো লিগ ইউরোপের ফুটবল বাজার এলোমেলো করে দিয়েছে। বড় বড় তারকা ভেড়াচ্ছে সৌদির ক্লাবগুলো। রোনালদো, বেনজেমা, ফিরমিনোর পরে জর্ডান হ্যান্ডারসন যাচ্ছেন সৌদি লিগে। যাওয়ার তালিকায় আছেন লিভারপুলের ফ্যাবিনহো, ম্যানসিটির রিয়াদ মাহরেজের মতো তারকা। এর মধ্যে আলজেরিয়ান তারকা রিয়াদ মাহরেজ সৌদি আরবের আল আহলিতে যোগ দেওয়ার খুব কাছে আছেন। সংবাদ মাধ্যমের মতে, চুক্তির বিষয়ে সম্মত হয়ে গেছেন মাহরেজ। কেবল সাক্ষর করে চূড়ান্ত ঘোষণা দেওয়ার অপেক্ষা। মাহরেজের ওই জায়গা পূরণে বার্সেলোনার ব্রাজিলিয়ান রাইট উইঙ্গার রাফিনহাকে দলে নেওয়ার কথা ভাবছেন ম্যানচেস্টার সিটি কোচ পেপ গার্দিওয়ালা। সংবাদ মাধ্যম ফুট মার্কেতোর সাংবাদিক সান্তি আওনা জানিয়েছেন, এরই মধ্যে চুক্তির বিষয়ে বার্সেলোনার সঙ্গে আলোচনা শুরু করেছে ম্যানচেস্টার সিটি। শুধু খোঁজ-খবর নয় ম্যানসিটি রাফিনহাকে তাদের টপ টার্গেট করেছে। দামে বনিবনা হলে দলে ভেড়াতে চায়। গত মৌসুমে প্রিমিয়ার লিগের লিডস ইউনাইটেড থেকে রাফিনহাকে ৫৫ মিলিয়ন পাউন্ডে কিনেছে বার্সেলোনা। তাকে বিক্রি করা নিয়ে তাড়াহুড়ো নেই কাতালান ক্লাবটির। তবে কেনা দামের সঙ্গে সঙ্গতিপূর্ণ বিড পেলে তাকে ছেড়ে দেবে স্প্যানিশ ক্লাবটি।

মেসি-এমবাপ্পে জুটি

# কেন চ্যাম্পিয়ন্স লিগে ব্যর্থ, ব্যাখ্যা নেইমারের



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** দুর্দান্ত এক আক্রমণভাগ গড়েছিল পিএসজি। বার্সেলোনা থেকে লিওনেল মেসি যোগ দিয়েছিলেন পার্ক দেস প্রিন্সেসে। নেইমার ও এমবাপ্পে ছিলেন আক্রমণভাগে। পিএসজির মেসি-নেইমার-এমবাপ্পে ত্রিফলাকে বিশ্বের সেরা বলা হচ্ছিল। কিন্তু তারকা ওই তিন ফুটবলার গত মৌসুমেও পিএসজিকে চ্যাম্পিয়ন্স লিগ জেতাতে ব্যর্থ হয়েছেন। নেইমার ইনজুরিতে পড়ে যান। যে ইনজুরি থেকে এখনও ফেরার লড়াই করছেন তিনি। মেসি-এমবাপ্পে প্যারিসের দলটিতে শেষ ষোলো পার করাতে পারেননি। বিষয়টি নিয়ে প্রশ্ন করা হলে নেইমার জুনিয়র বলেছেন, 'আমাদের খুবই শক্তিশালী দল ছিল। মেসি, এমবাপ্পে এবং আমি, আমরা তিনজন বিশ্বের সেরা। আমরাও এটা জানতাম। কিন্তু দূভাগ্যবশত, এটা আমাদের সঙ্গে ফিট করেনি। এটা আমাদের জন্য ভালো বিষয় ছিল না।'

নেইমারের মতে, তাদের চ্যাম্পিয়ন্স লিগের ক্ষুধাটা প্রবল ছিল। শুধু চ্যাম্পিয়ন্স লিগ নয়, তারা ক্লাবের হয়ে সম্ভাব্য সবকিছু জিততে চান। কিন্তু ফুটবলে সবসময় চাইলেই পাওয়া যায় না। নেইমার বলেন, 'ফুটবলে সবসময় শুধু সঠিক কাজটা করে না, ন্যায্য কাজ করে।'

# ৩১ বছর বয়সে আবার বার্সায় রোমেউ



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** ২০১০ সালে ওরিওল রোমেউয়ের পেশাদার ফুটবলে অভিষেক বার্সেলোনার জার্সিতে। পরের বছরই স্প্যানিশ এই মিডফিল্ডার ছাড়েন ক্লাব। এক দশকের বেশি সময় বিভিন্ন ক্লাবে খেলে ৩১ বছর বয়সে আবার কাম্প নউয়ে ফিরলেন তিনি। স্পেনের আরেক ক্লাব জিরোনা থেকে রোমেউকে ফেরানোর কথা এক বিবৃতিতে জানায় লা লিগা চ্যাম্পিয়নরা। চুক্তি হয়েছে তিন বছরের। ট্রান্সফার ফির অঙ্ক যদিও প্রকাশ করা হয়নি। তবে স্পেনের সংবাদমাধ্যমের খবর অনুযায়ী, এজন্য বার্সেলোনার খরচ হয়েছে ৮০ লাখ ইউরো। বার্সেলোনার যুব একাডেমিতে বেড়ে ওঠা রোমেউয়ের সিনিয়র দলে অভিষেক হয় ২০১০ সালের অগাস্টে, স্প্যানিশ সুপার কাপের ম্যাচ দিয়ে। পরের বছর লা লিগায় খেলেন তার প্রথম ম্যাচ। ক্লাবটিতে প্রথম মেয়াদে তিনি ম্যাচ খেলেন এই দুটিই। এরপর যোগ দেন চেলসিতে। ইংলিশ প্রিমিয়ার লিগের দলটিতে যদিও তেমন প্রভাব ফেলতে পারেননি তিনি। স্ট্যামফোর্ড ব্রিজে দুই মৌসুম খেলার পর এক মৌসুম করে ধারে খেলেন ভালেন্সিয়া ও স্টুটগার্টে। ২০১৫ সালে যোগ দেন আরেক ইংলিশ ক্লাব সাউথ্যাম্পটনে। সেখানেই কাটান সবচেয়ে লম্বা সময়। সাত বছরে দলটিতে খেলার পর গত বছর যোগ দেন জিরোনায়। ৩ হাজারের বেশি মিনিট খেলে দলটির লা লিগায় দশম হওয়ায় অবদান রাখেন তিনি।

এবার ফিরলেন পুরনো ঠিকানায়। তাকে নিয়ে ২০ বছর বয়সী মিডফিল্ডার পাবলো তোরেকে ধারে জিরোনায় পাঠিয়েছে বার্সেলোনা। বার্সেলোনা জানিয়েছে, তারা রোমেউয়ের বাইআউট ক্লজ রাখতে চায় ৪০ কোটি ইউরো। গত মৌসুম শেষে বার্সেলোনা ছাড়েন অভিজ্ঞ মিডফিল্ডার সের্হিও বুসকেতস। তার শূন্যতা পূরণে তারা দলে টানে অভিজ্ঞ জার্মান মিডফিল্ডার ইলকাই গিনদোয়ানকে। এবার দলে নিল আরেক মিডফিল্ডারকে।

সব মিলিয়ে চলতি গ্রীষ্মের দলবদলে চার জন খেলোয়াড়ের সঙ্গে চুক্তি করল বার্সেলোনা। গিনদোয়ানের পর চুক্তি করে ডিফেন্ডার ইনিগো মার্তিনেস ও ফরোয়ার্ড ভিতর খকের সঙ্গে। ১৮ বছর বয়সী এই ব্রাজিলিয়ান অবশ্য ক্লাবে যোগ দেবেন ২০২৪-২৫ মৌসুমে।

মেসির পথেই বন্ধু সুয়ারেজ,

# যোগ দিচ্ছেন মায়ামিতে?



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** লিওনেল মেসির পথ ধরে এবার মার্কিন ফুটবল ক্লাব ইন্টার মায়ামিতে নাম লেখাতে চলেছেন লুইস সুয়ারেজ। এমন গুঞ্জনই শোনা যাচ্ছে নানা মাধ্যমে। স্প্যানিশ ক্লাব বার্সেলোনায় সুয়ারেজ-মেসি জুটি ছিল অসাধারণ। তাদের বন্ধুত্বও ছিল প্রগাঢ়। এরইমধ্যে লিওনেল মেসি, সের্হিও বুসকেতস, কোচ জেরার্দো মার্তিনোর পথ ধরে এবার যুক্তরাষ্ট্রের মেজর লিগ সকারের ক্লাবটিতে যোগ দিয়েছেন জর্দি আলবা। উরুগুয়ের ৩৬ বছর বয়সি স্ট্রাইকার সুয়ারেজ বর্তমানে খেলছেন ব্রাজিলিয়ান ক্লাব গ্রেমিওতে। মেসি-বুসকেতসদের ঘনিষ্ঠ এই তারকার ইন্টার মায়ামিতে যোগ দেওয়া নিয়ে আলোচনা ছিল আগেও। তবে তখন তা উড়িয়ে দিয়েছিলেন ক্লাব প্রধান হোর্হে মাস। এখন তারই কণ্ঠের সুর একটু অন্যরকম। তিনি জানান, আমি ঠিক জানি না, লুইস সুয়ারেজ কীভাবে গ্রেমিও ছাড়তে পারে তবে সে যদি ছাড়ে, তা হলে আমরা তার সঙ্গে আলোচনা করতে পারি ও ইন্টার মায়ামিতে আনতে পারি।

বুসকেতসের মতোই সদ্য সমাপ্ত মৌসুম দিয়ে বার্সেলোনা থেকে বিদায় নেন আলবা। ইন্টার মায়ামির প্রেসিডেন্ট হোর্হে মাস গত মঙ্গলবার সংবাদমাধ্যমকে জানান, জর্দি এর মধ্যেই চুক্তি করে ফেলেছে এবং কয়েক দিনের মধ্যে দলে যোগ দেবে। তার ওপর ভরসা রাখছেন তাতা (কোচ জেরার্দো মার্তিনো)।

# নিউজিল্যান্ড স্কোয়াডে ফিরলেন জেমিসন




**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** আন্তর্জাতিক ক্রিকেটে আবির্ভাবেই নায়ক হয় উঠেছিলেন কাইল জেমিসন। সেই তিনিই আড়ালে পড়ে রয়েছেন একের পর এক চোটের হানায়। থমক যাওয়া ক্যারিয়ারে নতুন গতি দেওয়ার সুযোগ অবশেষে এলো তার সামনে। সব ঠিকঠাক থাকলে ১৪ মাস পর আন্তর্জাতিক ক্রিকেটে খেলবেন নিউজিল্যান্ডের এই পেসার। সংযুক্ত আরব আমিরাত ও ইংল্যান্ডের বিপক্ষে টি-টোয়েনিট সিরিজের নিউজিল্যান্ড দলে জায়গা পেয়েছেন জেমিসন। পিঠের অস্ত্রোপচারের পর এই দুই সফর দিয়েই মাঠে ফিরছেন ২৮ বছর বয়সী পেসার। জেমসিন সবশেষ নিউজিল্যান্ডের হয়ে খেলেছেন গত বছরের জুনে ইংল্যান্ডের বিপক্ষে ট্রেন্ট ব্রিজ টেস্টে। আন্তর্জাতিক টি-টোয়েন্টি সবশেষ খেলেছেন সেই ২০২১ সালের মার্চে। ওই ইংল্যান্ড সফরে চোট পেয়ে ৬ মাসের বেশি সময় মাঠের বাইরে থাকেন তিনি। পরে গত জানুয়ারিতে ঘরোয়া ক্রিকেট থেকে ফেরেন ৬ ফুট ৮ ইঞ্চি উচ্চতার পেসার। তবে সীমিত ওভারের ঘরোয়া আসরে ৫টি ম্যাচ খেলে ফেব্রুয়ারিতে ইংল্যান্ডের বিপক্ষে একটি প্রস্তুতি ম্যাচ খেলার পর আবার ছিটক পড়েন বাইরে। ইংল্যান্ডের বিপক্ষে টেস্ট দলে তাকে নেওয়া হলেও শেষ পর্যন্ত খেলতে পারেননি। বরং অস্ত্রোপচার করাতে হয় পিঠে। অবশেষে লম্বা পুনবার্সন প্রক্রিয়া শেষে তিনি ফিরতে পারলেন।

রোমাঞ্চকর গল টেস্ট

# জিতল পাকিস্তান




**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** গল টেস্টে পাকিস্তানের সামনে জয়ের জন্য খুব বড় লক্ষ্য দিতে পারেনি স্বাগতিক শ্রীলঙ্কা। কিন্তু ১৩১ রানের লক্ষ্যে খেলতে নেমেও শুরুতে বেশ চাপে পড়ে গিয়েছিল সফরকারীরা। ৩৮ রান করতে তারা হারিয়ে ফেলেছিল তিন উইকেট। ৩ উইকেটে ৪৮ রান নিয়ে চতুর্থ দিনের খেলা শেষ করে পাকিস্তান।

শেষ দিনে ম্যাচ জিততে পাকিস্তানের দরকার ছিল আরো ৮৩ রান, আর লঙ্কানদের লাগত ৭ উইকেট। বৃহস্পতিবার পঞ্চম দিনে লাঞ্চের আগেই ম্যাচটি জিতে নিয়েছে পাকিস্তান।


চার উইকেটের জয়ে দুই ম্যাচের সিরিজে ১-০ ব্যবধানে এগিয়ে গেল বাবর আজমরা। পঞ্চম দিনে আরো তিন উইকেট হারায় পাকিস্তান।

বাবর ফিরেন ২৮ বলে ২৪ রান করে, আর প্রথম ইনিংসের ডাবল সেঞ্চুরিয়ান সৌদ শাকিল আউট হন ৩৮ বলে ৩০ রানের ইনিংস খেলে। সরফরাজ আহমেদ ফিরেছেন মাত্র ১ রান করেই। অপরাজিত ফিফটি (৫০) করে ম্যাচ জিতিয়ে মাঠ ছাড়েন ওপেনার ইমাম-উল-হক।

উল্লেখ্য যে, শ্রীলঙ্কা প্রথম ইনিংসে ৩১২ রানে গুটিয়ে গিয়েছিল। জবাবে পাকিস্তান তাদের প্রথম ইনিংসে ৪৬১ রান করে। প্রথম ইনিংসে পাকিস্তানের চেয়ে ১৪৯ রানে পিছিয়ে থেকে গতকাল দ্বিতীয় ইনিংসে ২৭৯ রানে অল আউট হয় শ্রীলঙ্কা। ফলে পাকিস্তানের সামনে জয়ের লক্ষ্য দাঁড়ায় ১৩১ রান। দু'দলের মধ্যকার দ্বিতীয় ও শেষ টেস্ট ২৪ জুলাই কলম্বোতে শুরু হবে।

কারার 'কপাট ভেঙে'

# ফুটবলে মেন্ডি, লরিয়েন্তে চুক্তি



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** জীবনটা নতুন করে গোছাতে চান বেঞ্জামিন মেন্ডি। বিশ্বের অন্যতম সেরা লেফট ব্যাক ছিলেন তিনি। ফ্রান্সের বিশ্বকাপ জয়ী ২০১৮ সালের দলে ছিলেন। ম্যানচেস্টার সিটিতে আলো ছড়াচ্ছিলেন। ক্যারিয়ারে যখন তুঙ্গে তিনি তখনই নেমে আসে ঘোর অন্ধকার। ২০২১ সালের আগস্টে ধর্ষণের অভিযোগে মামলা করা হয় ফ্রান্স ডিফেন্ডার মেন্ডির বিরুদ্ধে। এরপর কারাবাস করেছেন তিনি। বারবার আদালতে বিচারকের মুখোমুখি হতে হয়েছে। প্রায় দুই বছর পর ওই মামলা থেকে খালাস পেয়েছেন মেন্ডি। এবার নতুন করে জীবন সাজানোর লড়াইটা ফুটবল দিয়েই করতে চান। বয়স দুই বছর বেড়ে ২৯ হয়ে গেছে। তার চেয়ে বড় কথা দুই বছর তিনি ফুটবল খেলেননি। ফিটনেস হারিয়েছেন, ওজন বেড়ে গেছে। সব চ্যালেঞ্জ জিতে ফিরতে হবে তাকে। ক্যারিয়ারের সেরা সময়ের দুই বছর হারিয়ে যাওয়ার ক্ষতিটা কেউ পুষিয়ে দেবে না। সুযোগ পাওয়াও সহজ কথা নয়। দুই বছর ফুটবলের বাইরে থাকা জেলখাটা এক ডিফেন্ডারে বাজি ধরবে কে? বাজিটা ধরেছে ফ্রান্সের ক্লাব লরিয়েন্তে। ফ্রি এজেন্টে থাকা বেঞ্জামিন মেন্ডির সঙ্গে দুই বছরের চুক্তি করেছে গত মৌসুমে লিগে দশে শেষ করা ক্লাবটি।

লরিয়েন্তের সঙ্গে দুই বছরের চুক্তি হয়েছে মেন্ডির। ২০২৫ সাল পর্যন্ত ফ্রান্সের ক্লাবটিতে খেলবেন এই ডিফেন্ডার। এর আগে তিনি মার্সেই ও মোনাকোর হয়ে খেলেছেন। ফ্রান্স জাতীয় দলের হয়ে ১০ ম্যাচ খেলেছেন তিনি।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১ ■ মুখ্য সম্পাদক ঃ ড. রতন কুমার বাড়ৈ
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 19D, Jamir Lane, Kolkata -700019 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR